নৃবিজ্ঞান
পত্রিকা

সংখ্যা ২৯ ২০২৪

নৃবিজ্ঞান বিভাগ ● জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ● ঢাকা

নৃবিজ্ঞান
পত্রিকা

সংখ্যা-২৯ ২০২৪

নৃবিজ্ঞান বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা

Nrvijnana Patrika

Journal of Anthropology

Volume-29 **2024**

Department of Anthropology
Jahangirnagar University
Savar, Dhaka

সম্পাদনা পরিষদ

সদস্য আকবার হোসেন

রঞ্জন সাহা পার্থ

মোহাম্মদ মাসুদ রানা

রেজওয়ানা করিম স্নিগ্ধা

সম্পাদক মাহমুদুল হাসান সুমন

Editorial Board

Members Akbar Hussain

Ranjan Saha Partha

Mohammad Masud Rana

Rezwana Karim Snigdha

Editor Mahmudul Hasan Sumon

নৃবিজ্ঞানের সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয়ে প্রবন্ধ ও গ্রন্থ সমালোচনা আহবান করা হচ্ছে। বিস্তারিত তথ্যের জন্য পরবর্তী পৃষ্ঠা দেখুন।

যোগাযোগ সম্পাদক নৃবিজ্ঞান পত্রিকা
নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা-১৩৪২, বাংলাদেশ।
ইমেইল: anthro@juniv.edu

Article and book reviews relating to various areas of anthropology are invited. Please see overleaf for more information.

Correspondence Editor, Nrvijnana Partika
Department of Anthropology
Jahangirnagar University
Savar, Dhaka-1342 Bangladesh.

Tel: (880-2) 1045-51, ext: 1447
E-mail: anthro@juniv.edu,
anthju@hotmail.com

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
© 2024 Department of Anthropology, Jahangirnagar University.

Authors are responsible for the opinions and statements published in the respective papers.

মূল্যঃ ৳ ১০০ টাকা মাত্র। শিক্ষার্থীদের জন্য ৳ ৭০ টাকা (বাংলাদেশ)।
Price: Tk. 100; For students Tk. 70 (Bangladesh). US$ 5 (Overseas).

Printed by: Naksha Impressions Limited
27, Nilkhat, Babupura, Dhaka-1205

নৃবিজ্ঞান পত্রিকার জন্য লেখা জমা দেওয়ার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি দৃষ্টি দেওয়ার জন্য লেখকদের অনুরোধ করা হচ্ছে।

লেখাটি মৌলিক এবং অপ্রকাশিত হতে হবে। অন্যত্র প্রকাশের জন্য বিবেচনাধীন লেখা প্রকাশিতব্য হিসেবে গণ্য হবেনা এবং আমরা তা প্রকাশের জন্য বিবেচনা করবো না। মৌলিকত্ব বলতে আমরা বুঝছি যে কোনো গবেষণাশ্রিত, গবেষণাধর্মী, অন্তদৃষ্টিমূলক, বিশ্লেষণাত্মক বা তর্কশাস্ত্রীয় রচনা।

লেখা বাংলা অথবা ইংরেজি, যে কোন ভাষায় হতে পারে। লেখার সাথে একটি সারসংক্ষেপ (বাংলা লেখার বেলায় ইংরেজিতে) কাম্য।

লেখার দুইটি কপি জমা দিতে হবে। হাতে লেখা পান্ডুলিপি অগ্রহণযোগ্য। লেখার দু'টি মুদ্রিত কপি এবং একটি ইলেক্ট্রনিক কপি (সিডি/ ইমেইল সংযুক্তি) জমা দিতে হবে।

লেখাটি ৫০০০ শব্দের মধ্যে হওয়া কাম্য। মুদ্রিত কপির বেলায় A4 বা লেটার মাপের কাগজের ডাবল স্পেসে টাইপ থাকতে হবে।

পাদ টীকা ও তথ্যসূত্রঃ প্রবন্ধের শেষে ক্রমানুসারে থাকবে। মূল টেক্সটে ও টীকার কোনো গ্রন্থ ও প্রবন্ধের উল্লেখ থাকলে বন্ধনীর ভেতরে লেখকের নাম (last name) ও প্রকাশকাল উল্লেখ করতে হবে (উদাহরণ- ছফা ২০০১; ত্রিপুরা ২০০০; Hastrup 1995 and Whitchead 1984) প্রাসঙ্গিক ক্ষেত্রে (যেমন উদ্বৃতির বেলায়) বই/জার্নালের পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে (উদাহরণ- ছফা ২০০১: ১৬; Abu-Lughod 1991:137)। মূল টেক্সটে ও টীকার উল্লেখিত প্রবন্ধ ও গ্রন্থে র একটি পূর্ণ তালিকা প্রকাশনা সংক্রান্ত তথ্যসহ লেখকদের নামের শেষাংশ (last name) আদ্যাক্ষরের অনুক্রমে প্রদান করতে হবে। নিচের উদাহরণ দ্রষ্টব্য।

Whole book:

Ward, R (1996). *Changes in Biochemistry*. London: University College London Press.

Chapter in a book:

Crane, A (1991). How biochemistry changes. In: Hudson, W. and French C. eds. *Living Biochemistry*. Massachusetts: MIT Press, pp. 80-83.

Journal article:

Kaplan, J. (2008). Historical changes. *Educational Psychologist*. 42(6), pp. 536-9.

Journal article (Online):

Sutton-Smith B. and Rosenberg, R.G. (1961). Sixty years of historical change in the game preferences of American children.
Journal of American Folklore [Online], 74(291), 17-46. Available from: www.jstor.org [Accessed 2 December 2007].

Government publications:

Department of Education. *Annual Report 2000. HMSO, London*.

Website:

National Health Service (2009). Swine flu [Online]. Available from: http://www.nhs.uk/Conditions/Pandemic-flu/Pages/Symptoms.aspx [Accessed 8 October 2009]

লেখার মান সম্পর্কে সম্পাদনা পরিষদের মতামত চূড়ান্ত বলে গণ্য হবে। অপরাপর জার্নালের মতো সম্পাদনা পরিষদ পর্যালোচকদের মতামত গ্রহণ করবেন এবং প্রয়োজনে সম্পাদকের পক্ষ থেকে লেখকের সাথে যোগাযোগ করা হবে।

প্রকাশিত লেখার জন্য লেখক(গণ) নৃবিজ্ঞান পত্রিকার দু'টি সৌজন্য সংখ্যাসহ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রচলিত হারে সম্মানী পাবেন, যেটি খুব নগণ্য বটে।

প্রকাশিত লেখার গ্রন্থ স্বত্ব নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর হবে। তবে পরবর্তীকালে প্রকাশিত রচনা কোনো সংকলিত/সম্পাদিত গ্রন্থে প্রকাশের জন্য নৃবিজ্ঞান বিভাগে একটি সৌজন্য পত্র দিয়েই প্রয়োজনীয় অনুমতি সংগ্রহ করা যাবে।

সম্পাদকীয়

নৃবিজ্ঞান পত্রিকার এই সংখ্যাও দেরিতে প্রকাশিত হলো। এর কারণ অনেক। সে বিষয়ে না যেয়েও বলা যায় দেরি হলেও আমরা যে প্রত্রিকাটি এখনও বের করতে পারছি সে জন্য খুশি, বিশেষ করে নিওলিবারেল একাডেমিক যে দৌড়ঝাঁপ, তাতে এই পত্রিকায় লিখবার সময় কোথায়! বিদ্যাজাগতিক আলোচনায় নানা ধরনের ইমপ্যাক্ট ফ্যাক্টর ইত্যাদি মানদণ্ডের আগমনের কারণে অনেকে আজকাল এরকম পত্রিকায় লিখে কী হবে এমন মতামত দেন। সেই সব প্রবল মতের বিরুদ্ধে দাঁড়িয়ে এই পত্রিকা!

এবারের সংখ্যায় মোট পাঁচটি প্রবন্ধ ও একটি গ্রন্থ পর্যালোচনা ছাপা হয়েছে। প্রথম প্রবন্ধে দৃশ্যগত নৃবিজ্ঞানের লেন্স থেকে সম্প্রতি মুক্তি পাওয়া 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' ছবির পর্যলোচনা। হাওর পাড়ের মানুষের বিস্তারিত জীবনালেখ্য এই ছবির মূল উপজীব্য বিষয়। জান্নাতুল ফেরদৌস, মো: হাফিজুল ইসলাম ও শাওলী মাহবুব এর রচনায় চলচ্চিত্রটি এথনোগ্রাফিক ফিল্ম হয়ে উঠেছে কিনা তা বিশ্লেষণ করেছেন এবং এটা করতে যেয়ে হাজির করেছেন ভিজুয়াল নৃবিজ্ঞানের নানা তর্ককে। লেখকরা যে সিদ্ধান্ত নিয়েছেন তাতে দৃশ্যগত নৃবিজ্ঞানের প্রথাগত পরিসর আরো বৃদ্ধি পাবেই বলে আমাদের ধারণা। রঞ্জন সাহা পার্থ ইকো ট্যুরিজম ডিসকোর্স ও চর্চা নিয়ে লিখেছেন। এটি লেখকের দীর্ঘদিনের গবেষণা পর্যবেক্ষণের ফলাফল থেকে তৈরি হওয়া একটি রচনা। এই প্রবন্ধে ইকো ট্যুরিজমের ধারণা কীভাবে 'ট্যুরিজম ব্যবসার' সাথে জড়িতরা ভিন্নখাতে ব্যবহার করছেন সে বিষয়ে আলোকপাত করা হয়েছে।

ট্যুরিজম কীভাবে সংস্কৃতির পণ্যকরণ করছে সেদিকে আলোকপাত করেছেন মো: রহমত উল্লাহ ও মালিহা তাসনিম। কেইস হিসাবে তারা বেছে নিয়েছেন ট্যুরিজম জগতের সাম্প্রতিক বছরের সেনসেশান সাজেককে। এই প্রবন্ধ পর্যটন সংক্রান্ত নৃবিজ্ঞানে ভূমিকা রাখবে বলে আশা করা যায়। ঈশিতা দস্তিদার ও আকবার হোসেন হালের মোবিলিটি লিটারেচার ঘেঁটে দেখাতে চেয়েছেন কীভাবে এই সাহিত্য বাংলাদেশের খাসি জনগোষ্ঠীর ক্ষেত্রে প্রাসঙ্গিক হতে পারে। খাসি জনগোষ্ঠীকে একটা আবদ্ধ অর্থনীতিতে দেখবার চোখটা একটু নড়বড়ে করে তোলাটাই একটা উদ্দেশ্য প্রবন্ধটির। এম ভি আনোয়ার আহমেদ ও এ কে এম জাকারিয়া আমাদের সময়ের একটি গুরুত্বপূর্ণ বিদ্যাজাগতিক প্রসঙ্গ নিয়ে লিখেছেন: নিও লিবরেল পলিসি কীভাবে আমাদের বিশ্ববিদ্যালয়ের গবেষণা বস্তুকে নির্মাণ করছে, কীভাবে গঠন করছে গবেষণার ল্যান্ডস্কেপ। এই সংখ্যার শেষ লেখা একটি গ্রন্থ পর্যালোচনা। গ্রন্থটি মাসউদ ইমরানের Safeguarding-Governmentality of the Cultural Heritage: Democratising, Conserving and Representing the Past(s) of Global South । পর্যালোচনা করেছেন মোহাম্মদ মনোয়ার হুসেন।

এই সংখ্যার বিভিন্ন প্রবন্ধের রিভিউয়ার হিসাবে ছিলেন আইনুন নাহার, মানস চৌধুরী, সাঈদ ফেরদৌস, মো. ছিদ্দিকুর রহমান, মো. মাসউদ ইমরান, শায়লা শারমিন, বখতিয়ার আহমেদ, বুলবুল সিদ্দিকী। বিনা পারিশ্রমিকে কাজ করবার জন্য আমরা আপনাদের কাছে কৃতজ্ঞ। কৃতজ্ঞ প্রবন্ধকারদের প্রতি, তারা যখনই আমাদের প্রয়োজন হয়েছে, আমাদের সহযোগিতা করেছেন। নৃবিজ্ঞান পত্রিকা প্রায় তিন দশক ধরে নিয়মিত প্রকাশিত হয়ে আসছে। আমরা আশাবাদী পত্রিকার প্রকাশনা অব্যাহত থাকবে এবং আরো সমৃদ্ধ সংখ্যা প্রকাশ সম্ভব হবে আগামীতে।

মাহমুদুল হাসান সুমন
সম্পাদক, নৃবিজ্ঞান পত্রিকা ২৯
জুন ২০২৪

নৃবিজ্ঞান পত্রিকা

'কুড়া পক্ষীর শূন্যে উড়া' কি এথনোগ্রাফিক ফিল্ম? নৃবৈজ্ঞানিক লেন্সে দেখা ১
জান্নাতুল ফেরদৌস
মো: হাফিজুল ইসলাম
শাওলী মাহবুব

ইকো-ট্যুরিজমঃ ডিসকোর্স ও চর্চা ১৯
রঞ্জন সাহা পাথ

Culture to Commodity: Exploring the Intersection of Tourism, Consumerism of Culture and Media in the Sajek Valley ৩৯
Md. Rahmat Ullah
Maliha Tasnim

Sense of Belonging amongst the Khasis in Bangladesh: Some Theoretical Considerations on Mobility ৫৯
Eshita Dastider
Akbar Hussain

The Changing Landscape of Social Science Research at SUST in the Wake of Neoliberal Policy: Insights from Researchers ৭৫
SV Anwar Ahmed
AFM Zakaria

Safeguarding-Governmentality of the Cultural Heritage: Democratising, Conserving and Representing the Past(s) of Global South. Md. Masood Imran. Dhaka, Bangladesh: The University Press Limited, 2024 ৯৫
Muhammad Manowar Hossain

নৃবিজ্ঞান পত্রিকা (Nrvijnana Patrika), ISSN: 1680-0621, সংখ্যা ২৯
© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

‘কুড়া পক্ষীর শূন্যে উড়া’ কি এথনোগ্রাফিক ফিল্ম? নৃবৈজ্ঞানিক লেন্সে দেখা

জান্নাতুল ফেরদৌস[১]
মোঃ হাফিজুল ইসলাম[২]
শাওলী মাহবুব[৩]

সারসংক্ষেপঃ
বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অঞ্চল একটি বিশেষ বাস্তুতন্ত্রকে ধারণ করে আছে দীর্ঘকাল। এখানে বসবাসরত মানুষেরাও প্রকৃতির সেই বিশেষ ব্যবস্থার সাথে জড়িয়ে থেকেছে। ‘কুড়া পক্ষীর শূন্যে উড়া’ চলচ্চিত্রটি ভাটির দেশ আর মাটির গল্প। সেই মাটির গল্পে আছে প্রকৃতির সাথে সংগ্রাম করে দীর্ঘকাল টিকে থাকা অদম্য জনমানুষের কাহিনী। বিশ্বজুড়ে উষ্ণায়ন, অতিবৃষ্টি আর জলবায়ু পরিবর্তনের ধারায় প্রান্তিক দেশের, প্রান্তিক মানুষগুলোর প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলাকে ঘিরেই আবর্তিত হয়েছে এই চলচ্চিত্রের বিষয়াবলী। রুদ্র প্রকৃতির বিপরীতে এখানে মানুষ হয়ে উঠেছে মূল প্রতিপাদ্য। এই সংগ্রামকে চিত্রায়িত করেছেন মুহাম্মদ কাইউম। হাওরের মানুষের জীবন সংগ্রাম, দুঃখ-কষ্ট, বেঁচে থাকার লড়াইয়ের নিয়ত সংগ্রামটিকে প্রতিফলিত করার জন্য পরিচালক চলচ্চিত্রের মতো শক্তিশালী গণমাধ্যমকে বেছে নিয়েছেন। ‘কুড়া পক্ষীর শূন্যে উড়া’ সিনেমার রচনা, পরিচালনা প্রযোজনাও করেছেন মুহাম্মদ কাইউম। এই প্রবন্ধের মূল প্রতিপাদ্য হলো চলচ্চিত্রটি একটি এথনোগ্রাফিক ফিল্ম কি না তা নির্ণয় করা। চলচ্চিত্রটি যেহেতু হাওরপাড়ের মানুষের বিস্তারিত জীবনালেখ্য, ফলে সেখানকার মানুষের জীবনাচরণ চিত্রায়নের মাধ্যমে এথনোগ্রাফিক ফিল্ম রচনা করা সম্ভবপর হয়েছে বলে প্রবন্ধটিতে প্রতীয়মান হয়েছে। সর্বোপরি, চলচ্চিত্রটি এথনোগ্রাফিক ফিল্ম হয়ে উঠেছে কি না তা বিশ্লেষণের জন্য নৃবৈজ্ঞানিক তত্ত্বসহ অন্যান্য তত্ত্ব এই প্রবন্ধে ব্যবহার করা হয়েছে।

কুড়া পক্ষীর শূন্যে উড়া ও প্রান্তজনের বিদীর্ণ হবার চিত্রণ

বাংলাদেশের উত্তরের হাওর অঞ্চল একটি বিশেষ বাস্তুতন্ত্রকে ধারণ করে আছে দীর্ঘকাল। এখানে বসবাসরত মানুষেরাও প্রকৃতির সেই বিশেষ ব্যবস্থার সাথে জড়িয়ে থেকেছে। ‘কুড়া পক্ষীর শূন্যে উড়া’ ভাটির দেশ আর মাটির গল্প। সেই মাটির গল্পে আছে প্রকৃতির সাথে সংগ্রাম করে দীর্ঘকাল টিকে থাকা অদম্য জনমানুষের কাহিনী। বিশ্বজুড়ে উষ্ণায়ন, অতিবৃষ্টি আর জলবায়ু পরিবর্তনের ধারায় প্রান্তিক দেশের, প্রান্তিক মানুষগুলোর প্রাকৃতিক দূর্যোগ মোকাবিলাকে ঘিরেই আবর্তিত হয়েছে এই চলচ্চিত্রের বিষয়াবলী। রুদ্র প্রকৃতির বিপরীতে এখানে মানুষ হয়ে উঠেছে মূল প্রতিপাদ্য। এই সাংগ্রামকে চিত্রায়িত করেছেন মুহাম্মদ কাইউম। হাওরের মানুষের জীবন সংগ্রাম, দুঃখ-কষ্ট, বেঁচে থাকার লড়াইয়ের নিয়ত সংগ্রামটিকে প্রতিফলিত করার জন্য পরিচালক চলচ্চিত্রের মতো শক্তিশালী গণমাধ্যমকে বেছে নিয়েছেন। মুহাম্মদ কাইউম একই সাথে ‘কুড়া পক্ষীর শূন্যে উড়া’ চলচ্চিত্রটি রচনা, পরিচালনা ও প্রযোজনা করেছেন। পরিচালকের বিশেষ সহকারি ছিলেন প্রয়াত গাজী মাহতাব হাসান, চিত্রগ্রাহক হলেন মাজহারুল রাজু, সুরকার সুকান্ত মজুমদার ও সাত্যকি

[১] মুক্ত গবেষক। Email: jferdoush091@gmail.com
[২] মুক্ত গবেষক। Email: mdhafijul408@gmail.com
[৩] অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়। Email: shaolee@anp.jnu.ac.bd

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বন্দ্যোপাধ্যায় এবং সিনেমাটি সম্পাদনা করেছেন অর্ঘ্যকমল মিত্র। সিনেমার বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন জয়িতা মহলানবিশ, উজ্জ্বল কবির হিমু, সুমি ইসলাম, সামিয়া আকতার বৃষ্টি, বাদল শহীদ, মাহমুদ আলম এবং আবুল কালাম আজাদ প্রমুখ। চলচ্চিত্রটি মুক্তি পেয়েছে ৪ নভেম্বর ২০২২, যার স্থিতিকাল ১১৭ মিনিট। এই চলচ্চিত্রটি পরিচালকের একটি স্বাপ্নিক পরিবেশনা। কেননা চলচ্চিত্রটি নির্মাণের জন্য পরিচালক বহুজাতিক কোম্পানি বা ব্যাংক থেকে কোনপ্রকার আর্থিক সাহায্য বা সরকারের কাছ থেকে কোন অনুদান নেননি। সৈকত দে লেখেন (২০২২) এ এক স্বাধীন নির্মাতার নির্মাণ। কারো অযাচিত জোর জবরদস্তি ছাড়াই পরিচালক এটি নির্মাণ করেছেন। পরিচালক মুহাম্মদ কাইউমের প্রায় দুই যুগের স্বপ্ন আর পাঁচ বছরের প্রচেষ্টা "কুড়া পক্ষীর শূন্যে উড়া" চলচ্চিত্রটি। বাংলাদেশের সুনামগঞ্জে নির্মিত হওয়া এই চলচ্চিত্রে সেখানকার আঞ্চলিক ভাষা ব্যবহার করা হয়েছে। জলবায়ু অভিবাসন, কৃষকের সংগ্রাম ও দরিদ্রতা, প্রশাসনের দৌরাত্ম সবটাই মানব জীবনের অংশ হিসেবে দেখানো হয়েছে এখানে।

বর্তমান প্রবন্ধটির মূল প্রতিপাদ্য হলো এথনোগ্রাফিক চলচ্চিত্র হিসেবে "কুড়া পক্ষীর শূন্যে উড়া" কতটা সামঞ্জস্যপূর্ণ এবং এর দার্শনিক দৃষ্টিভঙ্গি কী তা নির্ণয় করা। এছাড়াও চলচ্চিত্রটি কোন ঘরানার? এটা কি রিয়ালিস্ট চলচ্চিত্র, না এক্সপ্রেসনিস্ট চলচ্চিত্র অথবা চলচ্চিত্র এবং দর্শকের সম্পর্ক বোঝার তৃতীয় তত্ত্বীয় সূত্রে নিহিত? অথবা এটি শুধুই একটি এথনোগ্রাফিক চলচ্চিত্র? চলচ্চিত্রটির এথনোগ্রাফিক মূল্যই বা কতখানি? এইসব গবেষণা প্রশ্ন দিয়েই আবর্তিত হয়েছে প্রবন্ধটি।

"কুড়া পক্ষীর শূন্যে উড়া": থিম এবং হাওর অঞ্চলের বাস্তবতা প্রসঙ্গে

চলচ্চিত্রের প্রচার, প্রসার এবং থিম প্রকাশে পোস্টার অত্যন্ত গুরুত্বপূর্ণ। পোস্টারের টেক্সট এবং ইমেজ বিশ্লেষণের জন্য সেমিওলজি বা সংকেতবিদ্যার সহায়তা নেয়া যেতে পারে। পোস্টারে ব্যবহৃত ইমেজ বা প্রতিচ্ছবি, রঙ, শব্দ বিষয়গুলো বিশ্লেষণ জরুরী। রোঁল্যা বার্থের ভাষায় বলা যায়, পোস্টারের ভাষাগত প্রতিচ্ছবি এবং connoted image বিশ্লেষণ সম্ভব (Barthes, 1964)। পোস্টারের গায়ে সাঁটানো "ভাটির দেশের মাটির ছবি" শব্দগুলো নির্দেশ করে দেয় যে, এটি সুনামগঞ্জের টাঙ্গুয়ার হাওর অঞ্চলের কাহিনী। ভাটির এই অঞ্চলটি ওপারের পাহাড় থেকে আসা ঢলের পানিতে নিমজ্জিত হয় প্রতিবছর। পোস্টারে দেখা যায়, হাওরের মাঝে জেগে ওঠা চর, অনাবৃত শরীরে পরা লুঙ্গি ও কোমরে গামছা বাঁধা অবস্থায় অপলক দৃষ্টিতে তাকিয়ে থাকা মানুষটিই সিনেমার প্রধান চরিত্র "সুলতান"। জ্যঁ পল সার্ত্রে Nothingness এর কথা উল্লেখ করেছেন। অস্তিত্ববাদে অনুপস্থিতি সত্ত্বেও যার উপস্থিতি থাকে সেই অস্তিত্বকেও গুরুত্বপূর্ণ মনে করা হয় (Smith, Flowers, and Larkin 2009, p. 19)। চারপাশে পানি, ঘিরে থাকা কিছু কাক আর নি:সীম শূন্যতা এবং রিক্ততার সামনে দাঁড়িয়ে থাকা সুলতান যেন নিজের শূন্য অস্তিত্বের দিকেই তাকিয়ে আছে। সাহিত্যে প্রায়শই কাক অশুভ আর অকল্যাণের প্রতীক। পোস্টারটির ভাষা, যেমন স্পষ্টভাবে একটি বিশেষ অঞ্চলকে নির্দেশ করে তেমনি এর সাংস্কৃতিক অর্থ চিহ্নিত করে চলচ্চিত্রটি বুঝতে সহায়তা করে।

আসা যাক, চলচ্চিত্রটির নামকরণ প্রসঙ্গে। নামকরণে আশ্রয় নেয়া হয়েছে রূপকের। এই চলচ্চিত্রের অন্যতম চরিত্র শিশুশিল্পী রোকাইয়া ওরফে "রুকু" 'কুড়া পক্ষী'র সাথে পরিচয় করিয়ে দেয় তার বন্ধুদের। হাওরের শিশু-কিশোরদের অন্যতম আনন্দ কুড়া পক্ষীর বাসা (ডাহুক পাখি) দেখা। কুড়া পাখি, ডাহুক পাখি বলেও পরিচিত। রুকুর ভাষ্যে, কুড়া পাখি পোষও মানে। চলচ্চিত্রের এক অংশে হাওরে কুড়া পাখীর বিচরণকাল আর দূর পাহাড়ে চলে যাবার বর্ণনা দেয় সে। রুকু তার বন্ধুদের বলে, 'নতুন পানি হাওরে এলে, পানি যখন কমে যায় তারা ভিড় করে ছোট মাছ খায়, ধানক্ষেতে পোক (পোকা) খায়, ঝোপঝাড়ে বাসা বাঁধে, ডিম পাড়ে, বাচ্চা হয়, পাহাড়ি ঢলের পানি এলে কুড়া পক্ষী উড়ে চলে যায়।' হাওরের পানি কমলে কুড়াপক্ষী

যেমন খাবারের খোঁজে মাছ খেতে আসে, আবার পাহাড়ি ঢালের পানিতে হাওর পুরো ডুবে গেলে খাবার না পেয়ে অন্যত্র চলে যায়, তেমনি হাওরপাড়ের মানুষরাও কুড়াপক্ষীর মতো জীবিকার তাগিদে, হাওরের বসতবাড়ি ছেড়ে কখনও ভোলাগঞ্জ পাথর ভাঙার কাজে অথবা শহরে জীবিকার সন্ধানে পরিবার নিয়ে চলে যায়। খাবারের খোঁজে "কুড়াপক্ষী"র মতো হাওরের মানুষকেও অজানা শূন্যে পাড়ি জমাতে হয়। কুড়া পক্ষীর জীবনচক্রের সাথে হাওরের মানুষদের অভিবাসনের চমৎকার মিল খুঁজে পাওয়া যায়। চলচ্চিত্রটির নামকরণে এই রূপক ব্যবহার তাই যথার্থ।

হাওরে যখন ফসল ওঠে তখন দূরদূরান্ত থেকে শ্রমিক আসে ধান কাটার জন্য। সিনেমার শুরুতেই দেখা যায়, নেত্রকোনা থেকে সৎ মায়ের অত্যাচার সহ্য করতে না পেরে, ব্যাপারীসহ বত্রিশজনের একদল শ্রমিকের সাথে হাওর অঞ্চলে আসে মাতৃহীন সুলতান। যাবার সময় কণ্ঠে তার আক্ষেপ "আমার লাগি তোমরার এতো কষ্ট হয়, তোমরারে আর জ্বালাইতাম না"। বছর চুক্তিতে তার বান্ধা কাজ (দিনরাত ২৪ ঘন্টা বাড়িতে অবস্থান করে একবছর কাজ করা) ঠিক হয় হাওরের এক বাড়িতে। শুকনো হাওর পেরোতে পেরোতে ব্যাপারী সুলতানকে হাওর অঞ্চলের সাথে পরিচয় করিয়ে দেয়। বলে বর্ষায় সাগরের সমান পানি থাকে হাওরে, এজন্য তার আরেক নাম কালীদহ। বড় বড় ঢেউ থাকে তখন। হাওর সম্পর্কে বলা হয় "বর্ষায় নাও, হেমন্তে বাও।" বছরে ছয়-সাত মাস পানির নীচে থাকার পর জমি ভেসে উঠে, তখন একটাই ফসল আবাদ করা হয়, তা হলো ধান। এক ফসল "সেই ধানই হলো হাওরের মানুষের জান"। হাওরের এ মাথা থেকে সে মাথা এতো বেশি ধানের আবাদ হয় যে, হাওরের মানুষের পক্ষে সেগুলো কাটা সম্ভব হয়ে ওঠে না। ফলে ব্যাপারীর ভাষ্যে, তাদের মতো অভাবী বুভুক্ষু মানুষেরা হাওরে আসে কাজের খোঁজে। ময়মনসিংহ, কিশোরগঞ্জ, রংপুর, ফরিদপুর থেকে হাওর অঞ্চলে আসে ধান কাটার জন্য। এতো ধান ফলনের খবর জেনে সুলতানের মুখেও হাসির ছটা দেখা যায়।

হাওরে মাছ ধরতে গিয়ে মরে যাওয়া ছেলের বউ আর দু'বাচ্চা নিয়ে এক জীবনঅভিজ্ঞ বৃদ্ধের সংসারে সুলতানের কাজ জোটে। মাছ ধরতে গিয়ে মরে যাওয়া পুরুষটি ছিলো পরিবারের একমাত্র কর্মক্ষম পুরুষ। ফলে বাড়ির গৃহস্থালী কাজের জন্য সেখানে একজন পুরুষের অভাব ছিলো। ব্যাপারী সুলতানকে পরিচয় করিয়ে দেয় পরিবারটির সাথে। সুলতান এবং ব্যাপারী মাটিতে বসে পরিবারের বৃদ্ধ অভিভাবকের সাথে কথা বলতে শুরু করে। সুলতান জানায়, তার বাড়ি নেত্রোকোণা জেলায়; দূর্গাপুর থানার বিলাসপুরে। এদৃশ্যে অভাবের মাঝেও দেখা যায় আতিথেয়তার আন্তরিকতা। যাবার সাথে সাথেই বৃদ্ধ তাদের পানি দিয়ে আপ্যায়িত করতে চান। ব্যাপারীকেও খেয়ে যেতে বলেন। হাওরে বসবাসরত পরিবারটির ভেতরে ও বাইরে প্রবল ক্ষত। আয় রোজগারবিহীন সংসারটিতে দারিদ্রের কষাঘাত, টিনের ঘর অথবা মাটির ঘরগুলো হাওরের উঁচু ভিটিতে কোনমতে দাঁড়িয়ে আছে। রান্নাঘরের সামনে রাখা পাটকাঠির (শোলা) উপর গোবর লাগিয়ে জ্বালানি তৈরি করা হয়েছে, যা রান্নার জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়। ব্যাপারীও সুলতানের অসহায়ত্বের কথা জানায় বৃদ্ধকে। প্রধান নারী চরিত্র রুকুর মা পেটে-ভাতে চুক্তিতে থাকতে বলে সুলতানকে। আয় রোজগার হলে পরবর্তীতে টাকা দেয়ার সিদ্ধান্ত হয়। আর দু'বেলার বেশি খাওয়া পাওয়া যাবে না তাও জানিয়ে দেয়া হয়। রুকুর মা কথাগুলো সুলতানকে সরাসরি না বলে প্রতিবেশি চাচীর মাধ্যমে জানিয়ে দেয়। বাংলাদেশের গ্রামাঞ্চলে গৃহিণীরা এখনও আগুন্তকের সাথে সরাসরি কথা বলেন না, সেই গতানুগতিক চিত্রই এখানে তুলে ধরা হয়েছে। সুলতান রাজি হয় এসব শর্তে। হাল বাওয়া, গরু চড়ানো, মাটি কাটা, মাছ ধরা সবকিছু করতেই সে রাজি হয়। অপরিচিত পরিসরে শুরু হয় সুলতানের নতুন জীবন। রুকু প্রতিবেশী এবং হাওরের প্রতিবেশ দুটোর সাথেই পরিচয় করিয়ে দেয় সুলতানকে।

পরের দৃশ্যে দেখা যায়, পাশপাশি বাড়ির ঘিঞ্জি পরিবেশে এক এনজিও কর্মী কিস্তির টাকা তুলছেন। সুফিয়া

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

নামের একজনকে খুঁজছেন তিনি। জানা যায়, সুফিয়া পাড়ি জমিয়েছেন ভোলাগঞ্জ। রোজগার নেই, তাই পাথর ভাঙার কাজে গেছেন টাকা আয় করতে। ধান কাটা শুরু হলে হাওরে ফিরে আসবেন, এসে কিস্তি শোধ করবেন। এসময় এনজিও কর্মী জানায়, একসপ্তাহ পর কিস্তি পরিশোধ করতে না পারলে পুলিশ ধরে নিয়ে যাবে। মূলত এনজিও থেকে টাকা ঋণ নিয়ে দরিদ্র কৃষকরা জমি বর্গা নেয় এবং ধান চাষ করে হাওরে। সেই ঋণের টাকা পরিশোধ করতে হয় প্রতি সপ্তাহে। পরিশোধ না করতে পারলে দরিদ্রদের পুলিশ ধরে নিয়ে যায় অথবা তাদের বাড়ির হাঁস-মুরগি নিয়ে যায় এনজিও কর্মীরা। এনজিও প্রসঙ্গে রুকুর কাছে সুলতান জানতে চাইলে রুকু জানায়, নতুন ধান ওঠার আগে চৈত্র মাসে হাওরে নিদান কাল থাকে। কারো ঘরেই ধান থাকে না তখন। নিজেদের পেট তখন নিজেদের চালাতে হয়। পাশাপাশি সপ্তাহে সপ্তাহে ঋণ পরিশোধ করা প্রান্তিক কৃষকদেরকে আরও সর্বস্বান্ত করে দেয়। এসময় সুলতান জমি ভরা ধান দেখে অবাক চোখে তাকিয়ে থাকে। সেটা দেখে রুকু বলে, বৈশাখের পর থেকে সেখানে শুধু পানি আর পানি থাকবে।

সারাদিন পর রাতের বেলা রুকুদের পরিবারের সাথে খেতে বসে সুলতান। রুকুর মা জানায়, তারা দু'বেলা রান্না করে, ভোরে আর সন্ধ্যাবেলা (হাইঞ্জাবেলা)। ভোরের ভাত কিছু বেঁচে থাকলে দুপুরে খাওয়া পাবে। নইলে সেই সন্ধ্যাবেলা খাওয়া। ঠিক এসময়ে রুকুর মায়ের ঘোমটা আর দেখা যায় না। সুলতান জানায় এই ভাতের জন্য সৎ মায়ের হাতে অনেক মার খেয়েছেন তিনি। সে কথা মনে করে তার কান্না পায়। মা মরে যাবার পর এতো সমাদর করে তাকে কেউ কখনও খেতে দেয়নি। এ কথা শুনে রুকু নিজের অল্প ভাত থেকেও সুলতানের পাতে ভাত তুলে দেয়। বলা বাহুল্য, এতো আন্তরিকতা মাতৃহারা সুলতানকে মায়ায় বেঁধে ফেলে। সকালে তারা খায় ছোট মাছ, গিমাই শাক আর বিকেলে টক ডাল, শুকনা মরিচ, লবন তরকারি ইত্যাদি। যাই থাকুক হাওরের মানুষ চায় পেট ভরে ভাত খেতে। রুকুর মতে, "আমগো হাওরের মানুষের একটাই স্বপ্ন, প্যাটটা ভইরা ভাত খাওয়া"। এ হলো তাদের জীবনের একমাত্র স্বপ্ন।

উজান থেকে ঢল নামার আগেই ধান কাটা, বাছা, নেয়ার দৃশ্যগুলো চমৎকার। খুব লক্ষ করলে ধান কাটার কাঁচি, ধান নেবার জন্য চাকাওয়ালা গাড়ি, অথবা নৌকা ভরে ধান নেয়া আলাদা করে নজর কাড়ে। ধান ছাড়া আর কোন শস্য হয় কিনা সুলতানের জিজ্ঞাসায় রুকুর মা জবাব দেয়, ধানই সারা বছরের আশা-ভরসা। খাওয়া, পরনের কাপড়, ঘর-বাড়ি তৈরি, বিয়ে, চিকিৎসার খরচ সবকিছুতেই ধানের উপর নির্ভর করে হাওরের মানুষেরা। কাজেই যার ধান আছে, তার সব আছে। যার ধান নেই, তার কিছুই নেই। রুকুর মা চার হাজার টাকা ঋণ নিয়ে দুই ক্ষেত ধান বোনে, যেটা আর দুইরোদ পেলেই শুকিয়ে যেতো। কিন্তু এরই মধ্যে পাহাড়ের উজান থেকে পানি চলে আসে। যদিও খুব বেশি ক্ষতি হয় না। ধান অনেকটাই ঘরে নিতে পেরেছিল তারা। ঢলের পানি আসা শুরু হয়। অবাক চোখে তাকিয়ে পানি দেখে সুলতান। চলচ্চিত্রের এই অংশে পানিই হয়ে ওঠে মুখ্যচরিত্র বা প্রোটাগনিস্ট। একরাতে পানি এসে ডুবে যায় এলাকা। পানি-বেষ্টিত হাওর অঞ্চলে তখন অন্য দৃশ্যের অবতারণা ঘটে। কলকল করে সবসময় নিজের উপস্থিতি জানান দিচ্ছে হাওরের পানি। নৌকার গায়ে, দাঁড় টানার সময়, ঘরের কাছে অথবা ভাসতে থাকা হাঁসের গায়ে, সবখানে পানির সদর্প ছুটে চলা। হাওরে পানি এলে ছোট ছেলেমেয়েরাও আনন্দিত হয়। পানিতে সাঁতরে উৎসবে মাতে শিশু-কিশোররা। আকাশ ভরা ঘন কালো মেঘ আর হাওরের পানি মিলেমিশে একাকার হয়ে যায়। ক্যামেরায় দীর্ঘক্ষণ দেখা যায় পানির এই রুদ্র তাণ্ডব। চলচ্চিত্রটির এই অংশ থেকে বর্ষাকালের হাওরের পরিবেশ ও বসবাসরত মানুষের অসহায়ত্ব সহজেই বুঝে নেয়া যায়।

হাওরের নতুন পানিতে যে আনন্দ, সেই পানিরই আবার ভয়ানক রূপ দেখা যায়। হাওরের পানিতে ডুবে গিয়ে রুকুর বাবা, রুকুর ছোট বোন আবুর মৃত্যু হয়। তাদের বাড়িঘরও ডুবে যাওয়ার উপক্রম হয় ধেয়ে

আসা পানিতে। সেইসাথে হাওরের মানুষের জীবিকার একমাত্র অবলম্বন ফসল ধান পেকে ওঠার আগেই হাওরের পানি সব নিয়ে যায়। এমনকি মানুষ মারা গেলে যে কবর দেবে তারও উপায় থাকে না। তীব্র জলস্রোত কবর ভাসিয়ে নিয়ে যায়। কবরস্থ না হওয়ার আশংকা নিয়ে রুকুর বৃদ্ধ দাদার অভিজ্ঞতা, "হাওরে পানি আইলে কূল কিনারা পাইতা না, মানুষ মরলে মাটি যে দিবো সেই জমিনও নাই। কবর দিতে না পারায় কতো লাশ ভেলায় ভাসায় দিছে।" রুকুর দাদা মানুষের বসতিকেই দায়ী করেন এই বিপুল পানি নেমে যাওয়ার রাস্তা বন্ধ হবার জন্য। এই পানির সাথে সংগ্রাম করেই হাওরের মানুষকে টিকে থাকতে হয় প্রতিনিয়ত। রাতে ঘুমোতেও হয় ভিটেমাটি ভেঙে যাবার ভয় নিয়ে। একদিন তাই এলাকার পাড় ঠিক করতে, এলাকার মানুষদের মতো সুলতান নিজেও হাওরের পানি ঠেলে বাঁশ কিনতে যায় পাহাড়ের ঢালের বাজারে। বাজার থেকে বাঁশ এনে পানিতে নেমে সবার সাথে শক্ত করে ভিটে-বাড়ির পাড় বাঁধায়। এসময় তাকে আর হাওর অঞ্চলের বাইরের কেউ বলে মনে হয় না। ধীরে ধীরে হাওরেরই একজন হয়ে ওঠে সুলতান। সাংস্কৃতিক আত্তীকরণ ঘটে সুলতানের।

নিজের জমিতে আসা পানির মাছ ধরতে পারে না হাওরের অঞ্চলের বাসিন্দারা। মাছ যেনো ধরতে না পারে এজন্য ইজারাদার বন্দুক নিয়ে পাহারা বসায়। হাওরে পানি এলে ধান না থাকায় বেঁচে থাকার জন্য হাওরের মানুষদের মাছের উপর নির্ভর করতে হয়। কাজেই তারা চুপি চুপি মাছ ধরে। কাউকে ধরতে পারলে ইজারাদার জালসহ তাকে আটকে রাখে। শেষে চৌকিদারকে টাকা দিয়ে মুক্তি মেলে তাদের। আগে নিয়ম ছিলো জাল যার মাছ তার। এখন সরকারের কাছ থেকে হাওর লিজ নেয় নেতারা। হাওরের মানুষের মতে, এখন পয়সা যার ক্ষমতা তার। আগে ভাসান পানির মালিক কেউ ছিলো না। রুকুর দাদার সংলাপে সেটাই উঠে আসে- "আকাশের কোনো সীমানা নেই, মানুষ কেবল জমির সীমানা দিতে চায়। এই দুনিয়ার মানুষ বড় বড় দালান বানাইয়া এটা ওটা বানাইয়া মালিক সাইজা বইসা আছে, অথচ একটা ছোট্ট পিঁপড়া তারও হিস্যা আছে, এ দুনিয়ায় থাকার হিস্যা কে দিব? মালিক সাজছে।"

সিনেমাটিতে ক্ষমতা চর্চার দুটি ঘটনা দেখা যায়। প্রথমত, ক্ষুদ্রঋণ। এই ঋণের অর্থ পরিশোধ করতে না পারলে চাষের গরু বা ঘরের জিনিসপত্র নিয়ে যায় এনজিও এর লোকজন। দ্বিতীয়ত, ক্ষমতাসীনরা হাওর ইজারা নেয়ার ফলে গ্রামের মানুষজন হাওরে মাছ ধরে বেঁচে থাকার শেষ চেষ্টাটাও করতে পারেনা। এক্ষেত্রে হাওরের অসহায় নিরীহ মানুষদের উপর ক্ষমতা প্রয়োগের মাধ্যমে তাদের উপর আধিপত্য বিস্তার করে ক্ষমতাধররা।

হাওর যখন পানিতে ভাসমান, তখন নৌকা নিয়ে ফেরিওয়ালা নিত্যপণ্য ফেরি করে বেড়ায়। বাড়ির কাছে আলু, পেঁয়াজ, তরকারি ইত্যাদি ফেরি করে। এই ফেরিওয়ালাই আবার এসময়ের সংবাদ বাহক। এক গ্রাম থেকে অন্য গ্রামে তারা নৌকায় সওদা নিয়ে যাতায়াত করে। ফলে রুকুর মাও তার কাছ থেকে অন্য গাঁয়ে বসবাসরত নিজের মা বাবার খবর জানতে চায়। খবর না পেয়ে স্থবির হয়ে বসে থাকে পানির ধারে। ফেরিওয়ালার নৌকা চলে যাবার দৃশ্যে হেমাঙ্গ বিশ্বাসের গান বাজে, "সোনা বন্ধুরে, আমি তোমার নাম লইয়া কান্দি। গগনেতে নামিল দেয়া, আসমানে হইল আন্দি রে বন্ধু, সোনা বন্ধুরে, আমি তোমার নাম লইয়া কান্দি। তোমার বাড়ি, আমার বাড়ি, মধ্যে শুরু নদী, সেই নদী কেমনে হইল অকূল জলধি, আমি তোমার নাম লইয়া কান্দি"।

রুকুর মা তার চাচীর সাথে দুঃখ করে বলে হাওরের পানি তাদের ধান, ঘরের মাটি, ঘরের মানুষ সব নিয়ে গেছে। পরিবারের কর্মঠ পুরুষ যখন হাওরের পানিতে হারিয়ে যায় তখন রুকুর মা বলে "ঘরে একজন পুরুষ না থাকলে কাজে ঢক থাকে না। কামাই রুজি কে করে? এ সংসারে কার উপর নির্ভর করবে?" উত্তরে তার চাচী বলেন, সুলতান যে তাদের সংসারে এসেছে, সেটাও একটা পরিবর্তন। নাওয়ারী নাও আসেনি বলে রুকুর মায়ের আহাজারি দেখা যায়। কিন্তু সেখানকার ধানও হাওরে তলিয়ে গেছে।

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

এরই মাঝে আনন্দ এবং বেদনা বাইনারি হয়ে চলচ্চিত্রটিতে আসে। ট্রলারে বিয়ে পার্টির গান বাজানো আর নাচের দৃশ্য তাদের নিরানন্দ জীবনে বিনোদন যোগায়। হাওরের উৎসুক জনতা বিয়ের এই যাত্রা দেখতে ভিড় করে হাওরের পাড়ে। এর সাথেই ঘটে শোকবহ এক ঘটনা। যখন তারা ট্রলারের বিয়ে পার্টির নাচ গান দেখায় ব্যস্ত, রুকুর মায়ের ছোট সন্তান আবু হাওরের পানিতে ডুবে যায়। আবুর চলে যাবার দৃশ্যটি রূপকায়িত হয় কতগুলো হাঁসের চলে যাবার দৃশ্যের মধ্য দিয়ে। শোকের মাঝে রুকুর দাদা গান বাঁধেন "বাড়ি বাড়ি কর রে মন, এই বাড়ি তো তোমার নয়, আসল বাড়ি কবর খানা, মাটি হইব বিছানা।" আবু মারা যাবার শোকে মূহ্যমান আবু-রুকুর মা দোষারোপ করে হাওরের পানিকে। বলে, "লক্ষ্মীর ঘরের অলক্ষ্মী আমার পিছ ছাড়ে না। দিন রাত ডাক পারে আর কয়, তোরার ধান নিমু, ঘরের মানুষ নিমু, পোলাপান নিমু... আবুরে পানিত রাইখা আমি কীবা ঘরে ঘুম যাই। পরানডা তো আমার মানে না।" নৌকায় ঘুমোতে যাওয়া সুলতান রুকুর মায়ের এই শোক উপলব্ধি করে। রুকুকে নিজাম ডাকাতের গল্প বলে ঘুম পাড়িয়ে দেয়। ক্রমে পরিবারের সাথে মিশে যায় সুলতান। এই সিকোয়েন্সের আগের এক দৃশ্যে দেখানো হয় রুকুর ছোট বোনকে রান্নাঘরে স্তন্যদান করছেন রুকুর মা। পাশেই গোয়াল ঘরে সুলতানের কাজ করার দৃশ্যটি তাদের প্রাত্যহিক জীবনের স্বাভাবিকতাকে প্রতীকায়িত করে। আবুর মৃত্যুর আগে গৃহস্থালী কাজের পাশাপাশি, তাকে দেখভাল করতেও দেখা গেছে সুলতানকে। বাজার থেকে আবুর জন্য কোমরের ঘুঙুর কিনে এনেছিলো সুলতান। যাতে শব্দ শুনে আবুর অবস্থান বোঝা যায়। এছাড়াও, মাছ ধরতে গিয়ে রুকুদের পরিবারের চার-পাঁচজন মানুষের খাবার কোত্থেকে আসবে সেই ব্যাকুলতা অন্যদের কাছে প্রকাশ করে সে। সংলাপটি দূর থেকে রুকুর মায়ের কানে ভেসে আসে। রুকুর মা স্বস্তি বোধ করে। তিনি বুঝে যান, তার পরিবারের অভিভাবকত্বের জায়গাটি সবার অগোচরে নিতে শুরু করেছে সুলতান।

এই সিনেমার প্রধান নারী চরিত্র রুকুর মা বেশ গুরুত্বপূর্ণ। তাকে এখানে প্রথমে চাচীর মাধ্যমে কথা বলতে শোনা গেছে। কিন্তু পরবর্তীতে সুলতানের সাথে কথা বলতে তার মধ্যে আর কোন জড়তা দেখা যায়নি। হাওর অঞ্চলের নারী তার নিজস্ব পরিবেশে ছিলেন অত্যন্ত সাবলীল। বিধবা হওয়া সত্ত্বেও পুরুষ থেকে সে দূরত্ব বজায় রাখেনি। বরং কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেছে।

ক্রমে পানি নেমে যায়, শাপলা ফোটে, পাখিরা চড়তে থাকে আর চর জেগে ওঠে হাওরে। শাপলা-শালুকের খোঁজে রুকুর দলের চর জুড়ে পদচারণা দেখা যায়। হাওরের পানির ডাক শোনা যায় না, ঝিম ধরে বসে থাকে পানি। রুকুর দাদার সংলাপে হাওরের নতুন রূপের সাথে পরিচয় ঘটে দর্শকের। তিনি বলেন, এমন কিছুদিন থেকে মাটি ভেসে উঠবে, অবশেষে পৌষ মাসে হাওরের মাটি ধান লাগানোর উপযুক্ত হবে। এসময় ঘরে খাবার নেই বলে গরু বিক্রি করতে চায় রুকুর দাদা। প্রতিবেশী চাচীর কাছে চাল চেয়েও পায় না রুকুর মা। এটা প্রকৃত নিদান কাল হাওরে। কাজ নেই বলে সুলতান এসময় চলে যেতে উদ্যোত হয়।

হাওরের অভাবের পর্যায়ে সুলতান চলে যেতে চাইলেও পারে না। সুলতান রুকুর দাদাকে বলে "এখানে কাজ কাম নেই, আপনাদের খাবার জোগাড় করাই কষ্ট। সেখানে আমি থাকলে অতিরিক্ত কষ্ট।" কারণ সে চুক্তিতে আসা। কিন্তু সুলতানের যাওয়ার কথা শুনে ব্যথিত রুকুর মা বলে যে, তার স্বামী মারা গেছে, আবুকে পানিতে নিয়েছে তাকে কীভাবে ধরে রাখবে তারা? সুলতান তো দূর দেশের মানুষ। রুকুও চায় সুলতান থেকে যাক তাদের পরিবারে। সুলতানের হাতে থাকা ব্যাগ থেকে রুকু ফেলে দেয় কাপড়চোপর। রাগ করে দৌড়ে বাড়ি থেকে বের হয়ে যায় হাওরের দিকে। পরে রুকুর পিছু নেয় সুলতান ও তার মা। একসময় রুকুর কাছে পৌঁছে যায় তারা। রুকু তার মাকে বলে, "মা কুড়া পক্ষী, হাওর যখন ডুবে যায়, তখন উড়াল দিয়ে অন্য জায়গায় যায়। যেখানে খাবারের কোনো অভাব নাই। কুড়া পক্ষীর কত্ত সুখ।" তারাও কুড়াপক্ষী হলে উড়ে চলে যেতো। যখন চুলায় আগুন জ্বলে না, ঘরে ধান থাকে না, সেসময় তারা দূরে চলে যেতো। একথায় অসহায়

বোধ করা রুকুর মা কান্নায় ভেঙে পড়েন। তিনি ভেবে পান না এই নিদান কালে তার কী করা উচিত। রুকু তার মাকে বলে সুলতানকে থাকতে বলে লাভ নেই কারণ সে তাদের ছেড়ে চলে যাবে। রুকুর কথায় ও পরিস্থিতি বিবেচনা করে, এই পরিবারে তার অবস্থানের গুরুত্ব বোঝে সুলতান। তাই সে জানায় "তোমাদের ছেড়ে কোথাও যাবো না।"

এক পর্যায়ে রুকুর মা ও সুলতানের বিয়ে হয়। তারা নতুন করে বাঁচার স্বপ্ন দেখতে থাকে। রুকুর মা একজন বিধবা নারী আর তাদের পরিবারে কর্মঠ পুরুষের অভাব ছিলো। সুলতানেরও আপনজন বলতে কেউ ছিলো না। ফলে কাজের সন্ধানে আসা সুলতান একজন আগুন্তুক হলেও তার সাথে মায়ের বিয়ে, রুকুসহ তার দাদা ও অন্যান্যরা খুব সহজেই মেনে নেয়। দেখে মনে হয় এ যেন আরাধ্যই ছিলো যে রুকুর মায়ের সাথে সুলতানের বিয়ে হবে। হাওরের মানুষও তাদের বিয়ে সহজভাবে মেনে নিয়ে আনন্দে সামিল হয়।

এই চলচ্চিত্রে হেমাঙ্গ বিশ্বাস আর রাধারমণের গান রয়েছে। রাধারমণ দত্ত রচিত একটি অল্প-শ্রুত ধামাইল গান, যা ব্যবহার করা হয়েছে বিয়ের সিকোয়েন্সে।

যাও গো দূতী পুষ্পবনে পুষ্প আনো গিয়া
আমি সাজাইতাম বাসর শয্যা প্রাণবন্ধুর লাগিয়া।।
কাঁচা কাঞ্চন পুষ্প আন গো তুলিয়া
আন টগর মালী সনধ্যামালী বকফুল ভরিয়া।।
বিকশিত ফুলের মধু হইয়া গেলো তিতা
কোন প্রাণে গেলা বন্ধু পান্থ হারা হইয়া।।
ভাইবে রাধারমন বলে মনেতে ভাবিয়া।
এগো প্রভাতকালে আসবে ঘরে, সই গো ফুলের মধু খাইয়া।
অবশ্য আসিবা বন্ধু ফুলের মধু খাইয়া।।

ধামাইল গান ও নাচ মূলত বৃহত্তর সিলেট ও ময়মনসিংহের হাওর জনপদে বিভিন্ন আচার অনুষ্ঠানে, ধর্মীয় উৎসবে, জন্ম ও বিবাহ অনুষ্ঠানে পরিবেশিত হয়। মহিলারা সামনে পিছনে-এগিয়ে অথবা বৃত্তে ঘুরে ঘুরে হাততালি দিয়ে পরিবেশন করেন এ গান। সংগীতের লয় রক্ষা করা হয় হাততালি বা 'থাপড়ি' দিয়ে। আর নাচের গতি ও তাল রক্ষা করা হয় ডান ও বাঁ পায়ের আগু-পিছু মুদ্রায়। ধীর লয়ে শুরু হলেও আস্তে আস্তে এর গতি বৃদ্ধি পায় এবং অতিদ্রুত লয়ে এর সমাপ্তি ঘটে। এ চলচ্চিত্রে সংগীতায়জন ও আবহসংগীত ছিল সামঞ্জস্যপূর্ণ।

এরপরের দৃশ্যে, সুলতান ও তার স্ত্রী দশ হাজার টাকা ঋণ নিতে চায় বেশি জমি বর্গা নিয়ে ধান চাষ করবে বলে। এনজিওর কর্মকর্তা তাদের আইডি কার্ড ও ছবি দিতে বলে। সেই সাথে এনজিওর সদস্য হওয়ার জন্য এক হাজার টাকা দিতে বলা হয়। সদস্য হওয়ার পরই শুধুমাত্র তারা টাকা নিতে পারবে। টাকা নেওয়ার পর প্রতি সপ্তাহে ৬০০ টাকা করে মোট ২৪ সপ্তাহে ঋণ পরিশোধ করতে হবে। হাওরে ধান চাষ করার জন্য জমি প্রস্তুত করা হয়। রোপন, বপন দুটো পদ্ধতিতেই চাষ করা হয় জমি। লক লক করে ধান বেড়ে উঠতে থাকে। ধান যেনো ঘরে তুলতে পারে সেজন্য হাওরের মানুষ তেল সন্ধিপূজা করে। পূজোর ডালা সাজিয়ে ধানের পাতায় চিহ্ন একে পূজো করে তারা। ধানের গোছ ভালো হওয়া, ধানের থোর বের হওয়া, লম্বা, পুষ্ট ধান হবার জন্য এই পূজা করে হাওরের ঘরের লক্ষ্মীরা। রুকুর মা বলে শাস্ত্রে আছে, মা লক্ষ্মীর বরে ধন আসে ঘরে। রুকুর দাদা বলে দূরদূরান্তে বারবার হাওরে ধান দেখতে যাওয়া যায় না। ঘরের লক্ষ্মীরা এ পূজো দিতে গিয়ে ধান কাটার হিসেব আন্দাজ করে আসে। ধান কাটা নিয়ে একটা শ্লোক প্রচলিত আছে হাওর অঞ্চলে।

নৃবিজ্ঞান পত্রিকা (Nrvijnana Patrika), ISSN: 1680-0621, সংখ্যা ২৯
© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

শীষে বিশ
নোয়াইলে বারো
শাইল গোছে টেপি
কাটতে পারো।

এর অর্থ, শীষ বের হবার বিশ দিন পর পুষ্ট হয়ে নুইয়ে গেলে, তারও বারো দিন পর ধান কাটা যেতে পারে। পূজো করার সময় একজন সনাতন ধর্মাবলম্বীর পাশে রুকুর অবস্থান হাওর অঞ্চলে অসাম্প্রদায়িকতাকেই নির্দেশ করে। সুলতানও তার জমিতে বান্ধ (ফসল না হবার জন্য তান্ত্রিক দিয়ে মন্ত্র পড়া) দেয়। একটি জনপদের লৌকিক বিশ্বাস ও সংস্কার বৃহৎ ধর্মবিশ্বাসের সাথে মিলে মিশে বহুরঙা ছবির মত প্রতিভাত হয়েছে এখানে। যাকে এরিক উলফ (১৯৬৬, পৃ: ১০৩) বলছেন 'সিনক্রেটিজম'। যেমন- ধানের শীষ যখন পুষ্ট হয়ে আসে, তখন তেলসুন্দি পুজো করতে হয় যাতে পরমা দেবী শস্যভাণ্ডার দেখেশুনে রাখেন। এছাড়াও সন্ন্যাসী মন্ত্র পড়তে পড়তে জমির আল ধরে হেঁটে যায় এবং পুরো হাওর এক অমাবস্যা থেকে আরেক পূর্ণিমায় বেঁধে ফেলে। ভালো ধান পাবার জন্য এসব করা হয়। সন্ন্যাসী তার মন্ত্র পড়ে দৌড়ে বাঁধ দেয় জমি। ধান ক্ষেতে ছাতা মাথায় কাউকে হাঁটতে দেখে রেগে যায় রুকুর দাদা। বলে, চৈত্র মাসের রোদ সহ্য করে ডীগা ধান আস্তে আস্তে পেকে যায়। ধান ক্ষেতের আইলে ছাতা মাথায় দেয়া হলো ধানের অসম্মান করা। এ এক পবিত্র লোক-বিশ্বাস। বৃদ্ধের সংলাপে সেটাই স্পষ্ট "ধানক্ষেতে ছাতা মাথায় কে রে? চৈত মাসের রোদ সহ্য করে ধান পাকে। ধান যদি রোদ সহ্য করতে পারে তুমি পারতা না ক্যান?" তাঁর মতে, রিজিকের সর্বনাশ হয় এতে। এখানে আরবী 'রিজিক' শব্দটি ইসলামিক দৃষ্টিভঙ্গি থেকে উঠে এসেছে যার অন্বয় ঘটেছে বিভিন্ন জনসংস্কৃতির সাথে।

বারণের মেলার বা পণাতীর্থ এর কথাও বলে বৃদ্ধ। এ মেলা হাওর অঞ্চলের বিচিত্র সংস্কৃতিকে প্রতিফলিত করেছে। এতো কিছুর পরও শেষ রক্ষা হয় না। মেঘ ঘনায়, বৃষ্টি নামে আর পানির ঢল আসে। বাঁধ দেবার চেষ্টা করা হয়। উলু ধ্বনি দেয় সনাতন ধর্মের মানুষেরা। ধান কাটার আর দশদিন বাকি থাকতেই সলিল সমাধি ঘটে তাদের স্বপ্নের।

চিত্র ১: ডুবে যাওয়া ধান নিয়ে সুলতানের কান্না

সব পাকা ধান হাওরের পানির নিচে তলিয়ে যায়। সুলতানকে দেখা যায় পানির নিচে ডুব দিয়ে ধান কাটতে। পরক্ষণে ধান জড়িয়ে ধরে কান্নায় ভেঙে পড়তে। অশীতিপর বৃদ্ধ বলে, "ক্ষেতে আধ পাকনা ধান রাইখা রাইতে ঘুমাইছি, সকালে ঘুম থেইকা উইঠা শুনি সব ধান পানির নীচে।" পত্রিকায় খবর বের হয়, ঢলের পানিতে ধান তলানোর খবর। কিন্তু এ খবর আসলে হাওরের মানুষের নিঃস্ব হয়ে যাবার খবর। উপরন্তু, সাহায্যের নামে ঋণের বোঝা প্রান্তিক মানুষকে আরো প্রান্তিক আর সর্বস্বান্ত করে দেয়।

চিত্র ২: মাকড়সার জালের ভেতর দিয়ে দেখা রুকুর মায়ের কষ্টে ভেঙে পড়া দৃশ্য

প্রত্যেক বছর 'নিদান কালে' মানুষ শহরে চলে যায়। শহরে কাজের অভাব নেই। গ্রামের অনেকেই গেছে, তাদের কাছে গেলে একটা কাজের সন্ধান পাওয়া যাবে। একটি দৃশ্যে মাকড়শার জালের ভেতর দিয়ে দেখা যায়, জং পড়া ভাঙা টিন দিয়ে ঘেরা চুলার ধারে বসে আছে রুকুর মা, সামনে একরাশ ধোয়া। এ যেন তার অস্পষ্ট ভবিষ্যতের চিহ্ন। শেষ দৃশ্যে দরোজায় তালা দিয়ে থই থই পানিতে ট্রলার ভাসায় তারা। প্রতিশ্রুতি দিয়ে যায় রুকুর মা, কান্না জড়ানো কণ্ঠে তার শেষ উক্তি ছিল চাচি, 'আমার ঘরডা দেইখা রাইখো... আমি ফিরা আইমু... আবার ফিরা আইমু।'

চিত্র ৩: সুলতানের পরিবারের শহরমুখী যাত্রা

প্রবন্ধের পরবর্তী অংশে এথনোগ্রাফিক চলচ্চিত্র হিসেবে 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' এর সার্থকতা, বাস্তবধর্মী চলচ্চিত্র হিসেবে এর অবস্থান এবং নব্য-উদারনৈতিকতার সাথে এই চলচ্চিত্রের সংশ্লিষ্টতা পরিমাপ করা হবে।

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

কুড়া পক্ষীর শূন্যে উড়াঃ নব্যবাস্তবতা আর নব্যউদারনৈতিক প্রেক্ষাপটে একটি এথনোগ্রাফিক চলচ্চিত্র

বাস্তবধর্মী চলচ্চিত্রগুলো (realist cinema) বাস্তব জীবনের একটি সত্যিকার প্রতিফলন। প্রকৃত স্থান, প্রাকৃতিক আলো এবং স্বাভাবিক সংলাপের ব্যবহার এখানে দেখা যায়। এক্সপ্রেসনিস্ট চলচ্চিত্র (expressionist cinema) বা অভিব্যক্তিবাদী চলচ্চিত্র একটি বিশেষ ধারার চলচ্চিত্র যা ১৯১০ থেকে ১৯৩০ এর দশক পর্যন্ত বিকাশ লাভ করে। এই চলচ্চিত্রগুলো আবেগ, মানসিক অবস্থার ভেতরকার দ্বন্দ্বকে চিত্রিত করে। এখানে অভিনয়ে বা নাটকীয়তায় অতিরঞ্জন দেখতে পাওয়া যায়। জে ডুডলি এন্ড্রু ১৯৭৬ সালে প্রকাশিত "দ্য মেজর ফিল্ম থিওরিজ" বইতে ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে চলচ্চিত্রের তত্ত্বগুলো বোঝার চেষ্টা করেছেন। এগুলো হলো, ক) কাঁচামাল খ) পদ্ধতি ও কৌশল গ) ফর্ম ও আকার এবং ঘ) উদ্দেশ্য ও মূল্যবোধ। যে তত্ত্বসমূহ কাঁচামাল এর উপর জোর দেয় সেগুলো আসলে রিয়ালিস্ট ঘরানার। যেসব চলচ্চিত্রকাররা তাদের ক্ষমতা দিয়ে বাস্তবতাকে নিয়ন্ত্রণ করেন তারা এক্সপ্রেসনিস্ট ঘরানার। আর এই দুইয়ের বাইরে চলচ্চিত্র সম্পর্কিত রাজনৈতিক, সামাজিক উদ্দেশ্য এবং মূল্যবোধ বোঝার জায়গাটি বর্তমানে চিহ্নিত করার চেষ্টা চলছে। রিয়ালিজমের প্রবক্তা হওয়া সত্ত্বেও রিয়ালিজম বা বাস্তবধর্মী চলচ্চিত্র নিয়ে আঁদ্রে বাজিন এবং সিয়েগফ্রিড ক্রাসুয়ের দৃষ্টিভঙ্গিতে পার্থক্য রয়েছে। বাজিন, ক্রাসুয়ের এর মতো চলচ্চিত্র এবং বাস্তবতার মধ্যে একটি সরল সমীকরণ করেন না, বরং উভয়ের মধ্যে আরও সূক্ষ্ম সম্পর্ক বর্ণনা করেন যেখানে চলচ্চিত্রটি বাস্তবতার উপসর্গ, একটি কাল্পনিক রেখা যা জ্যামিতিক বক্ররেখার কাছে আসে কিন্তু কখনও স্পর্শ করে না। বাজিনের কাছে বাস্তবতা, সৌন্দর্যের চেয়ে মনোবিজ্ঞানের বিষয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে আন্দ্রে বাজিন নিওরিয়ালিজমকে মানবিকতার সাথে যুক্ত করে তাকে চলচ্চিত্র নির্মানের স্টাইল বলছেন। বাজিন বিশ্বাস করতেন যে চলচ্চিত্র বাস্তবতার একটি প্রতিফলন এবং এর মধ্য দিয়ে আমাদের অনুভূতি, অভিজ্ঞতা এবং অস্তিত্ব প্রকাশ পায়। জ্যাঁ-লুক-গডার্ড আবার বাস্তববাদের সীমাকে নতুনভাবে সংজ্ঞায়িত করেছেন, যা প্লাস্টিক বাস্তবতা বা মনোস্তাত্ত্বিক বাস্তবতার দিকে মনোনিবেশ না করে বরং বৌদ্ধিক বাস্তবতাকে গুরুত্ব দেয় (Monaco 1977, p. 315-31)। সেদিক থেকে "কুড়া পক্ষীর শূন্যে উড়া" একটি বাস্তবধর্মী বা রিয়ালিস্ট ঘরানার ছবি। পরিচালক ও কাহিনীকার মোহাম্মদ কাইউমের মূল লক্ষ্য ছিলো হাওর অঞ্চলের মানুষের জীবনযাপনের প্রকৃত সত্য ধারণ করা। বাংলাদেশের হাওর এমন এক জনপদ যেখানে একটি মাত্র ফসল উৎপাদিত হয় আর বছরের নয় মাস এই অঞ্চল পানিতে নিমজ্জিত থাকে। এই চলচ্চিত্রটি হাওরপাড়ের মানুষের জীবন-জীবিকার ন্যারেটিভ, একই সাথে দরিদ্র প্রান্তিক মানুষের জীবিকার সংকটের কথা। প্রাকৃতিক দুর্যোগের সাথে যুদ্ধ করে কীভাবে প্রান্তিক মানুষেরা টিকে থাকে চলচ্চিত্রটি তারও আখ্যান।

বিশ্লেষণের এই অংশে আলোকপাত করা হবে 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' চলচ্চিত্রটির এথনোগ্রাফিক চরিত্র নিরুপণ এবং নৃতাত্ত্বিক লেন্সে তা পর্যবেক্ষণ করা। প্রথমেই আসা যাক সময়কালে। দীর্ঘদিন একটা সংস্কৃতিকে পর্যবেক্ষণ করে সেই সংস্কৃতিকে লিখিত রূপ দেয়াই এথনোগ্রাফি। মোটাদাগে কোন এলাকার সংস্কৃতি সুগঠিত হওয়া এবং স্থিতিশীল হবার জন্য দীর্ঘসময়কাল যেমন প্রয়োজন তেমনি সেই সংস্কৃতিকে একদিন বা দু'দিনে পড়ে ফেলাও সম্ভব নয়। 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' চলচ্চিত্রটি তৈরি করতে সময় লেগেছে চৌত্রিশ মাস। এ সময়কালে হাওরসংলগ্ন মানুষের বিচিত্র জীবনাচরণ ফুটে উঠেছে চলচ্চিত্রটিতে। পাশাপাশি হাওর অঞ্চলের ঋতুগুলোর উপস্থিতি এবং পরিবর্তন, বিশেষত পৌষ, চৈত্র, বৈশাখ,আষাঢ় ও শ্রাবণ মাসগুলোর বিচিত্রতা আলাদাভাবে প্রকাশিত হয়েছে। চলচ্চিত্রটি তাই পরিচালকের দীর্ঘদিনের পর্যবেক্ষণের ফসল।

এথনোগ্রাফিক চলচ্চিত্রকে নৃবিজ্ঞানীরা কীভাবে মূল্যায়ন করেছেন? Fadwa El Guindi এর মতে চলচ্চিত্র এবং ফটোগ্রাফি নিয়ে নৃবিজ্ঞানীরা সাধারণত দুটো গুরুত্বপূর্ণ প্রশ্ন করেন। প্রথমত দর্শন মাধ্যমের কাজগুলোর

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ethnographicness এর মান কতখানি এবং দ্বিতীয়ত ঔপনিবেশিকতার উত্তরাধিকার বা বর্ণবাদী দৃষ্টিভঙ্গি কতখানি রয়েছে তা পরিমাপ করার নৃবৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিও এই প্রশ্নের সাথে যুক্ত (El Guindi ২০০৪, পৃ: ৭)। সোল ওর্থ (১৯৬৯) বলেছেন, এথনোগ্রাফিক চলচ্চিত্র হলো একগুচ্ছ চিহ্নের মাধ্যমে মানুষের আচরণকে জানা, যা কখনো একটা সংস্কৃতি সম্বন্ধে তথ্য রেকর্ড করার জন্য ব্যবহৃত হয়, কখনও সংস্কৃতির তথ্য হিসেবে ব্যবহৃত হয় (প্রাগুক্ত, পৃষ্ঠা ৮)। সেদিক থেকে হাওর অঞ্চলের দিন-রাত, ঋতু, গান, বিয়ে, খাদ্যসংস্থান, রুক্ষ প্রকৃতিরতাণ্ডবত্রাসে এই বিশেষ জনপদের মানুষের অসহায়ত্ব সমস্তই যেন রেকর্ড করেছেন মোহাম্মদ কাইউম। নৃবিজ্ঞানী কার্ল হেইডার তার "*এথনোগ্রাফিক ফিল্ম* (২০০৬)" বইতে[৪] একটা এথনোগ্রাফিক বৈশিষ্ট্য মাপার ছাঁকনি "attribute dimension grid" (২০০৬ , পৃ. ১০৯) ব্যবহার করেছেন যা দিয়ে একটা চলচ্চিত্রের "Ethnographicness" পরখ করা সম্ভব। নীচের ছকটির মানদণ্ডে তিনি একটি চলচ্চিত্রের এথনোগ্রাফিকনেস পরীক্ষা করেছেন।

1	Appropriateness of sound	শব্দের উপযুক্ততা	
2	Narration	বর্ণনা	
3	Ethnographic basis	নৃতাত্ত্বিক ভিত্তি	
4	Explicit theory	স্পষ্ট তত্ত্ব	
5	Relation to printed materials	মুদ্রিত উপকরণের সাথে সম্পর্ক	
6	Voice:point of view	ভয়েস: দৃষ্টিকোণ	
7	Holism: Behaviour contextualization	হলিজম: আচরণের প্রাসঙ্গিককরণ	
8	Physical Contexualization	শারীরিক কনটেক্সুয়ালাইজেশন	
9	Reflexivity: The Ethnographer's presence	রিফ্লেক্সিভিটি: এথনোগ্রাফারদের উপস্থিতি	
10	Whole acts	পুরো কার্যপ্রক্রিয়া	
11	Narrative stories	আখ্যানমূলক গল্প	
12	Whole bodies	পুরো শরীর	
13	Whole interactions	সম্পূর্ণ মিথস্ক্রিয়া	
14	Whole people	সম্পূর্ণ মানুষ	
15	Distortion in the filmmaking process	চলচ্চিত্র নির্মাণ প্রক্রিয়ার মধ্যে বিচ্যুতিকরণ	
15a	Inadvertant distortion of behavior	আচরণের অনিচ্ছাকৃত ভিন্নরূপ প্রদর্শন	
15b	Intentional distortion of Behaviour	আচরণের ইচ্ছাকৃত ভিন্নরূপ প্রদর্শন	
15c	Explanation of Distortions	বিচ্যুতিকরণের ব্যাখ্যা	
16	Culture Change	সংস্কৃতি পরিবর্তন	

[৮] ১৯৭৬ সালে প্রথম প্রকাশিত হয়েছিলো।

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

এই ছকের মাধ্যমে হেইডার এথনোগ্রাফিক চলচ্চিত্রকে একটি রেকর্ড বা তথ্য সংরক্ষণ বলতে চেয়েছেন। ছকটির আলোকে বলা যায় শ্রবণ ও দর্শনের সামঞ্জস্য, দর্শনের ব্যাখ্যা, এথনোগ্রাফিক উপাদান, বিস্তৃত তথ্য রেকর্ড, ঐতিহাসিক সত্য ইত্যাদি নানারকম উপাদান থাকা উচিত এথনোগ্রাফিক চলচ্চিত্রে। পাশাপাশি Ethnographic Film as Record এর ক্ষেত্রে ফিল্ম এজ ডাটা বা চলচ্চিত্রটিই তথ্য (Film as Data) এবং তথ্যের জন্য রেকর্ড করা (Filming-for-data) এই দুটো বিষয়ের পার্থক্য নিরূপন জরুরী। কারণ প্রথমটি হেইডার এর মতে নাইভ এথনোগ্রাফি (Naïve Ethnography) ঘরানার। পরের অংশটির জন্য একজন নৃবিজ্ঞানী অবশ্যই তার জ্ঞান ব্যবহার করবেন। তবে হেইডারের শর্ত হলো এথনোগ্রাফিক চলচ্চিত্র নির্মাণে এথনোগ্রাফারের উপস্থিতি থাকতে হবে যা "কুড়া পক্ষীর শূন্যে উড়া" চলচ্চিত্রে অনুপস্থিত।

পি কেরিম ফ্রিডম্যান বলেন, বর্গ নির্ণয়ের জন্য একটি চলচ্চিত্রের শুধু এথনোগ্রাফিকনেস নয় বরং এর এথিকস (নীতি-নৈতিকতা) এবং বিষয়াবলীর উপরেও জোর দিতে হবে। আবার, নৃবিজ্ঞানী জে. রুবি এথনোগ্রফিক চলচ্চিত্রকে সংজ্ঞায়িত করার জন্য কিছু বিষয়ের প্রয়োজনীয়তার কথা বলেছেন। জে. রুবির মতে এথনোগ্রাফিক চলচ্চিত্রে সাধারণত নিম্নলিখিত উপাদানগুলো থাকতে হয়। যেমন:

(১) এথনোগ্রাফিক কাজের প্রধান ফোকাস হতে হবে একটি সম্পূর্ণ সংস্কৃতির বর্ণনা বা এই সংস্কৃতির কিছু সংজ্ঞায়িত ইউনিট (২) এথনোগ্রাফিক কাজ একটি অন্তর্নিহিত বা স্পষ্ট তত্ত্ব দ্বারা অবহিত করা আবশ্যক যেগুলো এথনোগ্রাফির ভেতরকার বিষয়গুলো কেন বিশেষভাবে নির্দেশিত তার নির্দেশনা দেয় (৩) একটি এথনোগ্রাফিক কাজে এথনোগ্রাফারের গবেষণা পদ্ধতি থাকতে হবে এবং (৪) এথনোগ্রাফিক কাজ একটি স্বতন্ত্র শব্দকোষ হবে, নৃবৈজ্ঞানিক ভাষা বা কোন বিশেষ শ্রেণী গোষ্ঠীর ভাষা ব্যবহার করবে।

এথনোগ্রাফিক চলচ্চিত্র নির্ণয় করার সময় আরো একটি গুরুত্বপূর্ণ বিষয় উঠে এসেছে তা হলো রিফ্লেক্সিভ নৃবিজ্ঞান বিষয়ে জে. রুবির ভাবনাসমূহ। চলচ্চিত্রে রিফ্লেক্সিভ হবার অর্থ শুধুমাত্র নিজ-সম্বন্ধনীয় প্রতিচ্ছবি নয়। বরং এখানে রিফ্লেক্সিভ হবার অর্থ হলো চলচ্চিত্র নির্মাতা ইচ্ছাকৃত ও উদ্দেশ্যমূলকভাবে তাঁর দর্শকশ্রোতার কাছে অন্তর্নিহিত জ্ঞানতাত্ত্বিক প্রতর্কসমূহকে দৃষ্টিগোচরীভূত করান। যা তাকে [নির্মাতাকে] নির্দিষ্ট প্রশ্নের একটি সেট প্রণয়ন করতে সহায়তা করে, প্রশ্নগুলোর উত্তর খোঁজার জন্য একটি নির্দিষ্ট উপায় তিনি বের করেন, এবং অবশেষে এর ফলাফলটি তিনি একটি বিশেষ উপায়ে তাঁর দর্শকের সামনে হাজির করেন (রুবি, ১৯৮০, পৃ. ১৫৭)। এই প্রক্রিয়ায় দর্শক চলচ্চিত্রটির অর্থ ব্যাখ্যা করতে সক্ষম হন।

রুবির সমৃদ্ধশালী কাজগুলো থেকে আরো একটি তত্ত্বের সন্ধান মেলে। তা হলো একজন প্রশিক্ষিত এথনোগ্রাফার বা নৃবিজ্ঞানী দ্বারা অবশ্যই একটি এথনোগ্রাফিক চলচ্চিত্র নির্মিত হবে (রুবি, ২০০৫, পৃষ্ঠা: ১৬০)। জে. রুবির তত্ত্ব অনুযায়ী এটা প্রতীয়মান যে, এথনোগ্রাফিক চলচ্চিত্রের নানারকম উপাদানসমূহ যেমন - একটি নির্দিষ্ট সংস্কৃতির বর্ণনা, বিশেষ ভাষা, রিফ্লেক্সিভিটি (নির্মাতা যা প্রতিফলিত করতে চেয়েছেন) ইত্যাদি শর্ত পূরণ করলেও 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' চলচ্চিত্রটি সবগুলো শর্ত পূরণ করেনি। তার মধ্যে অন্যতম হলো এটি কোন নৃবিজ্ঞানীর তৈরি এথনোগ্রাফিক চলচ্চিত্র নয়।

মার্কাস বাংকস এর মতে, একটি চলচ্চিত্রে কী ধরনের তথ্য প্রকাশ করা হবে এবং কতখানি করা হবে সে বিষয়টি গুরুত্বপূর্ণ (বাংকস ১৯৯২, পৃ. ১২১)। লুসিয়ান কাস্টিং-টেলর ১৯৯৬ সালে "আইকনোফোবিয়া" শিরোনামের একটি গবেষণাপত্রে হেইডার এবং রুবির মতো পণ্ডিতদের লেখায় লোগোকেন্দ্রিকতার নিন্দা করেছেন। তিনি বলেন : "যতদিন নৃবিজ্ঞানীরা [এই বিশ্বাস] ধরে রাখবেন যে, ভাষা হলো নৃবিজ্ঞানের জন্য

প্যারাডিগম্যাটিক প্রক্রিয়া, ততদিন নৃবৈজ্ঞানিক পিকটোরিয়াল-ভিজ্যুয়াল মুড বা 'নৃতাত্ত্বিক চিত্র-দর্শন' ধরনটি শুধুমাত্র তার অনন্য বৈশিষ্ট্য দিয়েই একটি [আলাদা] অস্তিত্ব লাভ করবে, এবং তা শুধু [ভাষা থেকে] নিজেকে বিচ্ছিন্ন করার মাধ্যমেই (টেলর, ১৯৯৬, পৃ. ৮৫)। কাস্টিং-টেলর তর্ক করেছিলেন যে, "চলচ্চিত্র হলো সরাসরি অভিজ্ঞতার গীতিকবিতার মতো কিছু ক্যাপচার, যা কিনা টেক্সট এর মাধ্যমে করা সম্ভব নয় (প্রাগুক্ত, পৃ: ৮৮)।"

আবার এথনোগ্রাফিক চলচ্চিত্র চেতনামূলক প্রতীতী তৈরি করতে পারে। David MacDougall বলেছেন যে, ইমেজ বা প্রতিকৃতিগুলো এমন কিছু করতে পারে যা 'শব্দ' পারে না। তাঁর মতে চলচ্চিত্র হলো প্রথমত সেলুলয়েডে ফটোগ্রাফিক ইমেজ। তিনি বলেন, প্রতিকৃতির সক্ষমতা হলো তা আমাদের এবং অন্যদের জীবনের শরীরী অস্তিত্বে পুনরায় প্রবেশ করার (reenter) অনুমতি দেয় - যেমন আমরা সবাই, সামাজিক জীব হিসাবে, আমাদের ইন্দ্রিয়ের মাধ্যমে ফর্ম (আকার) এবং টেক্সচারগুলিকে (স্পর্শীভূত বিন্যাসকে) একীভূত করি, বুঝে ওঠার আগেই জিনিসগুলো শিখি, অন্যদের সাথে অভিজ্ঞতাগুলো ভাগ করে নিই এবং আমাদের চারপাশের বিচিত্র সামাজিক পরিবেশের মধ্য দিয়ে চলাচল করি (MacDougall , ২০০৫, পৃ. ২৭০)। 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' চলচ্চিত্রটি আমাদের ভেতর সেই অনুভূতি তৈরি করেছে। ফলে এই নির্ণায়কে "কুড়া পক্ষীর শূন্যে উড়া" একটি এথনোগ্রাফিক চলচ্চিত্র।

এথনোগ্রাফিক ফিল্ম নির্ণয়ে Fadwa El Guindi এর মতামতটি "কুড়া পক্ষীর শূন্যে উড়া"র ক্ষেত্রে সবচেয়ে যথাযথ মনে হয়েছে। এল গুইনডি বলছেন, ডকুমেন্টারি ফিল্ম হলো ভিজ্যুয়াল এনথ্রপোলজির মতো কিন্তু এর উৎস নৃবিজ্ঞান নয়। কাজেই চলচ্চিত্র, ডকুমেন্টারি-স্টাইলের গবেষণার সাথে কাছের সম্পর্ক তৈরি করেছে, কেননা এথনোগ্রাফিক এবং বৈজ্ঞানিক গবেষণা কাছের যোগসূত্র তৈরি করে। বিংশ শতাব্দীর বিভিন্ন নৃবিজ্ঞানী যেমন মার্গারেট মিড, জর্জ বেইটসন, এলানোর লিককরা চলচ্চিত্রের সাথে সংযোগ কমিয়ে এথনোগ্রাফির সাথে বৈজ্ঞানিক সংযোগ তৈরি করছিলেন। এগুলোর দর্শন নানা ধরনের উপাত্তের বর্ণনার দিকে পরিচালিত করে। এল গুইণ্ডি তিন ধরনের উপাত্তের কথা বলেছেন: প্রথমটি হলো, এথনোগ্রাফিক ফিল্ম বা চলচ্চিত্র। দ্বিতীয়টি হলো, গবেষণাধর্মী চলচ্চিত্র বা রিসার্চ ফিল্ম, এবং তৃতীয়টি হলো, ভিজ্যুয়াল এথনোগ্রাফি।

এথনোগ্রাফিক ফিল্ম বা চলচ্চিত্র যে শুধুমাত্র নৃবিজ্ঞানীরা তৈরি করবেন তা নয়, কিন্তু নৃবিজ্ঞানের তত্ত্বগুলো চলচ্চিত্রের মধ্য দিয়ে প্রয়োগ করার মাধ্যমে এগুলো তৈরি করা হয়। এটা সাধারণত চলচ্চিত্রকাররা কমিউনিটি বা সম্প্রদায়ের সাথে ব্যক্তিগত সম্পর্কের জন্য করে থাকেন। উদাহরণস্বরূপ, ২০১১ সালের 'দ্য লাস্ট ট্রেইন হোম' সিনেমার কথা বলা যায়। এটা পরিচালনা করেছেন লিক্সিন ফ্যান, একজন চাইনিজ-কানাডিয়ান ফিল্ম মেকার যিনি কিনা চীনে মডার্নাইজেশনের সময়কালে জন্মেছেন। চলচ্চিত্রটি গুয়ানডং প্রদেশের গুয়াংজো থেকে আসা একটি চীনা পরিবারকে অনুসরণ করে তৈরি করা হয়েছে, যারা চীনা নতুন বছরে বাড়ি ফিরছিল। আর এটা হলো চীনাদের সবচেয়ে বড় অভিবাসনের সময়। শিল্পায়িত শহরের ডেনিম ফ্যাকটোরিতে কাজ করা বাবা মায়ের সন্তানদের পুরোনো প্রজন্মের পুরষানুক্রমিক (hereditary) বাড়ি দেখানো হয়েছে। ফ্যান নিজে একজন নৃবিজ্ঞানী না হয়েও চলচ্চিত্রের জন্য যে পরিবেশ ব্যবহার করেছেন তাকে রোক্রানা ওয়াটারসন বলছেন "Built Environment"। রোক্রানার মতে বিল্ট এনভায়রনমেন্ট হলো সাংস্কৃতিক আবেগ। তাদের পৈত্রিক বাড়ি এবং শাখা বাড়িগুলো, যেগুলো তাদের উত্তরাধিকারীরা বিভিন্ন স্থানে তৈরি করেছে, বাড়ির একটা ক্রমধারা তৈরি করেছে। এরই মধ্যে কন্যা জিন ঘোষণা করে যে সে শহরে পড়াশোনা এবং পিতামাতার মতো চাকুরি করতে চায়। এই যূথবদ্ধতার আবেগটিই, যারা পৈত্রিক ভিটা ছেড়ে শহরে চাকুরির জন্য পাড়ি দিয়েছিলেন তা তাদের সন্তানদের অনুভব করাতে চেয়েছেন। এই ডকুমেন্টারিটি তাদের যৌথ পরিবারের আবেগ এবং সাফল্যকে তুলে ধরেছে।

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

দ্বিতীয় ধারার ডিজিটাল তথ্যসমূহ হলো গবেষণাধর্মী চলচ্চিত্র বা রিসার্চ ফিল্ম। বস্তুনিষ্ঠ লেন্স এবং বিংশ শতাব্দীর প্রত্নতাত্ত্বিকদের প্রত্যক্ষবাদ দৃষ্টিভঙ্গির (positivism) মাধ্যমে এথনোগ্রাফারদের সংস্কৃতি সম্পর্কে শিক্ষা দেবার জন্য মার্গারেট মিড এই ধারার চলচ্চিত্র নির্মান করেছিলেন। প্রত্যক্ষবাদে বৈজ্ঞানিকভাবে তথ্য উপাত্তকে যাচাই করা যায়। গবেষক দৃশ্যগুলোতে কখনো কখনো নিজেই পোজ দিয়ে থাকেন অথবা সেগুলো চিত্রায়ন করা হয় একস্পটে, একটা সিঙ্গল শটের জন্য, যাতে নিরপেক্ষভাবে বিষয়াবলী সংগ্রহ করা যায়।

আমাদের ভেতরকার চিন্তা-চেতনা আমাদের চারপাশের পৃথিবী সম্পর্কে একটা ধারণা দেয়। এমনই একটি রিসার্চ ফিল্ম হলো 'পিপলস পার্ক' (২০১২)। যেখানে আটাত্তর মিনিটের সিঙ্গেল শট এর মাধ্যমে পার্ক একটিভিটিসগুলো বা কার্যাবলী দেখানো হয়। শেষে সামাজিক বিজ্ঞানীরা একে বিশ্লেষণ করেন।

শেষ ধরনের ভিজ্যুয়াল তথ্য হলো ভিজ্যুজ্যুয়াল এথনোগ্রাফি। এল গুইনডি পুনর্ব্যক্ত করেছেন, ভিজ্যুয়াল এথনোগ্রাফি হলো গবেষণার হাতিয়ার। দর্শন নৃবিজ্ঞান দৃশ্যগত অথবা বস্তুর মধ্যে আবদ্ধ নয়। এগুলো সাংস্কৃতিগত এবং সামাজিক সম্পর্কের মধ্যে নিহিত রয়েছে, এর মধ্যে লুকায়িত থাকে নিয়মনীতি এবং প্রতিজ্ঞাসমূহ। দর্শন নৃবিজ্ঞানীরা এথনোগ্রাফিক পদ্ধতিগুলো, গবেষণার একটি ফর্ম হিসেবে ফিল্ম তৈরির জন্য, বিনির্মানের জন্য, এবং বিশ্লেষণ করার জন্য ব্যবহার করে থাকেন। দর্শন নৃবিজ্ঞানীরা ভিজ্যুয়াল এথনোগ্রাফি তৈরি করে থাকেন। তাঁরা যে গবেষণা করেন তা ফিল্মে ধারণ করেন এবং এডিটিং শেষে ডকুমেন্টারি-স্টাইল-এথনোগ্রাফিক-ফিল্ম তৈরি করেন। সিনেমাটিক এবং সাইন্টেফিক অনুশীলনকে এখানে একত্র করা হয়। গবেষণার জন্য ভিজ্যুয়াল নৃবিজ্ঞানীরা ফিল্ম তৈরি, ডিকনস্ট্রাক্ট এবং বিশ্লেষণ করতে নৃবৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করেন (Baker, 2021- Present)।

এই তিন ধারা বিশ্লেষণ করে এটাই প্রতীয়মান যে, 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' উপরোল্লিখিত প্রথমধারা অর্থাৎ এথনোগ্রাফিক ফিল্ম এর অন্তর্গত। এই চলচ্চিত্রে অত্যন্ত বস্তুনিষ্ঠভাবে হাওর অঞ্চলের জীবনধারা ফুটে উঠেছে। এই চলচ্চিত্রটি কোন নৃবিজ্ঞানীর তৈরি নয় কিন্তু একটি বিশেষ এলাকার মনুষ্যজীবনের নিবিড় বর্ণনা। পরিচালক দীর্ঘসময় হাওরাঞ্চলে অবস্থান করেছেন। ফলে সেখানকার সকাল, সন্ধ্যা, রাত, বৃষ্টি ও ঢলের দৃশ্যসমূহ ও ঋতুর পরিবর্তন, ফসল উৎপাদন, বিচিত্র সংস্কৃতি ও সাংস্কৃতিক আত্তীকরণ, আচার ও ধর্মবিশ্বাস, অসাম্প্রদায়িকতা এবং অভিবাসন নিখুঁতভাবে উপস্থাপন করার চেষ্টা করেছেন। ফলে এটি একটি তথ্যচিত্রও বটে। সিনেমা জুড়ে শব্দগ্রহণ ছিল উল্লেখ করার মতো। বৃষ্টি বা নদীর ঢেউয়ের শব্দগ্রহণ, আবহসংগীত ও সংগীতায়োজন ছিল অসাধারণ। আগেই বলা হয়েছে এ চলচ্চিত্রে কোন ডাবিং করা হয়নি। সরাসরি শ্যুটিং লোকেশনে রেকর্ড করা হয়েছে। ফলে তা অনেক বেশি বাস্তবসম্মত হয়েছে। সিনেমার লোকেশন বৃহত্তর হাওর অঞ্চল সুনামগঞ্জ ছিল গল্পের প্রেক্ষাপটে যথার্থ। তবে এর চিত্রায়ন ছিল অত্যন্ত কঠিন একটি কাজ। রূপসজ্জার ক্ষেত্রে দেখা গেছে, বাংলাদেশের গ্রামীণ জীবনে মানুষ ঠিক যতটা নিজের সৌন্দর্য প্রকাশ করে ঠিক তেমনটাই উপস্থাপন করা হয়েছে। মেকাপে অতিরঞ্জন দেখা যায় নি। নারীরা সাধারণত শাড়ি, সালওয়ার কামিজ পড়েছেন কিন্তু শাড়ি পড়ার ঢংটি আধুনিক অথবা এক প্যাঁচে দুভাবেই দেখা গেছে। পোস্ট প্রডাকশনের ক্ষেত্রে বলা যায় অডিও এবং ভিডিও এর মিশ্রণ এর ফলে সংলাপগুলো একদম বাস্তব মনে হয়েছে। কালার গ্রেডিং আর এডিটিং এর মানও উন্নত মানের।

অভিবাসন এই চলচ্চিত্রের একটা অন্যতম বার্তা। জলবায়ুর কারণে হাওর অঞ্চল থেকে অভিবাসিত হওয়াকে ক্লাইমেট মাইগ্রেশন বা জলবায়ু অভিবাসন বলা হয়। স্থানচ্যুতির আরো দুটো কারণ দেখতে পাই এই চলচ্চিত্রে। একদম শুরুতে প্রথমত: জীবিকা নির্বাহের জন্য অভিবাসন। দ্বিতীয়ত আত্মীয়ের (সৎ মা) দ্বারা

নিগৃহীত হবার ফলে অভিবাসন। আত্মীয় দ্বারা নিগৃহীত হবার ফলেও মানুষ অভিবাসিত হয় (Mahboob 2022, pp. 70-71)। নিজের বাসস্থান ছাড়ার আগে সুলতানের, "মাও নাই যার, দুনিয়াতে আপন বলতে কেউ নাই তার, আইজকে মা থাকলে নিজের ঘরবাড়ি আপন মানুষ ছাইড়া অন্য কোথাও যাইতে হয় না" সংলাপটি যেনো সেটাই মনে করিয়ে দেয়।

"কুড়া পক্ষীর শূন্যে উড়া" একটি বাস্তবধর্মী বা রিয়ালিস্টিক চলচ্চিত্র। কেননা এই চলচ্চিত্রের কাহিনিতে মূলত হাওরের প্রান্তজনদের দুঃখ-কষ্টের চিত্র তুলে ধরা হয়েছে। দীর্ঘকাল প্রায় সাড়ে তিন বছর এই অঞ্চলের পরিবেশ ও জনমানুষের উপর অভিজ্ঞতা সঞ্চয় করেছেন পরিচালক। পাল্টে যাওয়া ঋতু, প্রকৃতির সাথে সাথে পাল্টে যাওয়া জীবন-কাহিনী এখানে উপস্থাপন করা হয়েছে। হাওরের মানুষের দুঃখ, কষ্ট, আর অভাবের চিত্র হৃদয় স্পর্শ করে। বাস্তবধর্মী সিনেমায় রিপ্রেজেন্টেশন বা পরিবেশনের একটি রাজনীতি রয়েছে। পরিচালক কতটা নির্মোহ ছিলেন তা জানা জরুরী। শুটিংয়ের লোকেশন এবং ডাবিং করার ক্ষেত্রটিও খুব গুরুত্বপূর্ণ। আগেই বলা হয়েছে, 'কুড়া পক্ষীর শূন্যে উড়া'র ক্ষেত্রে আলাদা করে ডাবিং করা হয়নি। সুনামগঞ্জের হাওর অঞ্চলে তা রেকর্ড করা হয়েছে (আকবর ২০২২)। এখানে পরিচালক তার উন্মুক্ত (Miss-en-scene) পরিমণ্ডল তৈরি করেছেন। পুরো সিনেমার চিত্রায়ন করা হয়েছে। ইটালিয়ান রিয়ালিজমের যে বৈশিষ্ট্য রয়েছে তার অনেকগুলোই এখানে উপস্থিত। সাধারণ মানুষের ভিশন, ডকুমেন্টারি ভিজ্যুয়াল স্টাইল অথবা রিয়েল লোকেশন সবই এখানে বিদ্যমান।

'কুড়া পক্ষীর শূন্যে উড়া' চলচ্চিত্রে দেখানো হয়েছে হাওর অঞ্চলে জলবায়ু পরিবর্তনের কারণ হলো নব্য-উদারনৈতিক মতাদর্শের কুফল। উজানে পাহাড়ি অঞ্চলের ভারী বৃষ্টিপাতের পানি আসা ছাড়াও, বাংলাদেশের নদীগুলো অস্বাভাবিকভাবে ভরাট হয়ে যাওয়া, অপরিকল্পিতভাবে সড়ক ও পানি-ব্যবস্থাপনা অবকাঠামো নির্মাণ, বন উজাড় করা, পাহাড় কেটে ধ্বংস করা, ভূমিধ্বস, নদীভাঙন, আবহাওয়ার পরিবর্তন ইত্যাদিকে হাওর এলাকার ফসলবিনাশী হঠাৎ বন্যার কারণ হিসেবে বিবেচনা করা হয়। রুকুর দাদা বলেন,পাহাড়ি ঢলের পানি আসে হাওরে। এই পানি যে নেমে যাবে তারও উপায় নেই। কেননা মানুষেরা নদী-খাল-বিল ভরাট করছে আর গাছ কেটে ফেলছে আর্থিক বা অন্যান্য কারণে। এসবের কুফল ভোগ করছে হাওরের মানুষ। প্রতিনিয়ত জলবায়ু পরিবর্তনের ফলে প্রতিকূল পরিবেশে টিকে থাকার জন্য কষ্ট করে লড়াই চালিয়ে যেতে হচ্ছে তাদের। নব্য-উদারনৈতিক সাংস্কৃতিক রূপান্তর শুধুমাত্র শ্রম এবং পুঁজির পরিবর্তনশীল সম্পর্ক অথবা অর্থনীতির সমস্যার সাথে যুক্ত নয়। বরং নব্য-উদারনৈতিক মতাদর্শ সম্পূর্ণ নিয়ন্ত্রণের একটি প্রক্রিয়া হিসেবে ব্যক্তি এবং সামাজিক মিথস্ক্রিয়ার সর্বত্র বিরাজমান। নব্য-উদারনৈতিকতার মতাদর্শ কার্যত মানুষের জীবনের প্রতিটি দিককে প্রভাবিত করে। শুধু ঐতিহ্যবাহী শ্রম অনুশীলনের মতো অর্থনৈতিক ক্ষেত্র নয় বরং শহুরে এলাকার ভূগোল, মানুষের অভিবাসন, শিল্প এবং সৃজনশীলতার অনুশীলন, আন্তঃব্যক্তিক সম্পর্ক এবং পারিবারিক জীবন, স্বতঃস্ফূর্ততার ধারণা, ইউটোপিয়া এবং ডিস্টোপিয়ার দৃষ্টিভঙ্গি, আর অবশ্যই জাতি এবং লিঙ্গের কনফিগারেশন বা রূপরেখাকে প্রভাবিত করে। চলচ্চিত্র নব্য-উদারনৈতিক মতাদর্শকে শুধু প্রতিফলিত করে না, এই মতাদর্শকে তা প্রয়োগও করে বা বিকল্পভাবে কীভাবে এই মতাদর্শকে প্রতিহত করে তাও দেখায়। চলচ্চিত্রের অবশ্যই আবেগপূর্ণ পরিশোষণের ক্ষমতা আছে, আমন্ত্রণ জানানোর ক্ষমতা আছে বিশেষ প্রধান চরিত্র (প্রোটাগোনিস্ট) বা পরিস্থিতি শনাক্তকরণে বা বিচ্ছিন্নকরণে এবং নির্দিষ্ট বিষয়ের অবস্থান তৈরিতে। কাজেই চলচ্চিত্রের সাথে নব্যউদারনৈতিক মতাদর্শের সম্পৃক্ততা রয়েছে (Cooper, ২০১৯, পৃ. ২৭২)। সুলতানের কাজ পাওয়া, হাওরে দারিদ্রের কষাঘাত, হাওরে এনজিওর উপস্থিতি, সরকারের কাছ থেকে হাওর লিজ নেয়া, নেতার দৌরাত্ম্য, সর্বোপরি পরিবারসহ সুলতানের অভিবাসন সবকিছুতেই যেন এই নয়া-উদারতাবাদের দৌরাত্ম্য বিরাজমান। হাওরের বন্যার পানি নিয়ন্ত্রণে বেশি গাছ না কাটা, নদী খাল ভরাট

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

করে ঘর-বাড়ি আবাদি জমি মানুষ যেনো তৈরি না করে তেমন একটা বার্তা দেয় 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' চলচ্চিত্রটি।

চলচ্চিত্রে দেখা যায় উজান থেকে আসা প্রবল ঢল ও অকালবৃষ্টিতে যখন হাওরের বিস্তীর্ণ এলাকা প্লাবিত হচ্ছিলো, তখন পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা (পাউবো) বিপন্ন ও অসহায় মানুষের পাশে দাঁড়ায়নি। হাওরের মানুষেরা নিজেরাই বাঁধ নির্মাণ করে। এতে স্থানীয় প্রশাসনিক কর্তাব্যক্তিদের দেখা যায়নি সহায়তা করতে। সিনেমার এই তথ্য কতটা বাস্তব তা নির্ণয়ের জন্য দালিলিক তথ্য প্রয়োজন। একটা বিদেশী প্রবাদ দিয়ে শেষ হয়েছে চলচ্চিত্রটি -'ভাগ্যাহতরা হয় ক্ষেপে উঠে, নয়ত কেঁদে মরে'। "কুড়া পক্ষীর শূন্যে উড়া" তাই ভাগ্যহত মানুষের তথ্যগাথা। যদিও চলচ্চিত্রের পরিচালক পেশাদার নৃবিজ্ঞানী নন, কিন্তু এই চলচ্চিত্র নির্মাণের প্রেক্ষাপট, বাস্তবতা, হাওরবাসীদের মনস্তাত্ত্বিক রূপরেখা, স্থান, সময় ও পরিস্থিতি নিয়ে পরিচালক যে গবেষণাকর্ম সম্পাদন করেছেন তা নৃবৈজ্ঞানিক এথনোগ্রাফিক গবেষণাকে প্রবলভাবে অনুভূত করায়। নৃবৈজ্ঞানিক লেন্সে "কুড়া পক্ষীর শূন্যে উড়া" চলচ্চিত্রটি তাই বাস্তবধর্মী ঘরানার একটি সার্থক এথনোগ্রাফিক চলচ্চিত্র।

তথ্যসূত্রঃ

English sources

Baker, E. (2021), Visual anthropology part 1: What is visual anthropology? vol2. Ep.1 [vedio podcast] Youtube. https://www.youtube.com/watch?v=JLdBMC0oDdk&t=154s

Banks, M. (1992). Which films are the ethnographic films, in Crawford and D. Turton (Eds.), *Film as Ethnography* (pp. 116-129). Manchester: Manchester University press

Barthes, R. (1964), Rhetoric of the Image, *Communication*, vol 4, 40-51

Cooper, A. (2019). Neoliberal theory and film studies. *New Review of Film and Television Studies*, *17*(3), 265–277. https://doi.org/10.1080/17400309.2019.1622877

El Guindi, F. (2004), *Visual Anthropology: Essential Method and Theory*, Altamira Press, NewYork

Friedman, P. K.erim, (2020), *Defining Ethnographic film*, in Philip, Vannini eds. The Routledge International Handbook of Ethnographic Film and Video, Routledge, London

Heider, K.G. (2006), *Ethnographic Film*, University of Texus Press, Austin

MacDougall, D. (2005). *The Corporeal Image: Film, ethnography, and the senses*. Princeton University Press, New Jersey

Mahboob, S. 2022, *Ethnography of Bangaldeshi Migrants in Iran*, unpublished Ph.D. thesis, Department of Anthropology, University of Tehran, Iran

Monaco, J. (1977), *How to Read a Film: The Art, Technology, Language, History, and Theory of Film and Media*, Oxford University Press, NewYork

Ruby, J. (1975). Is an ethnographic film a filmic ethnography? *Studies in the anthropology of visual communication*, 2(2), 103-111

Ruby, J. (1980). Exposing yourself: reflexivity, anthropology and film. *Semiotica*, 30(1-2). 153-179

Ruby, J. (2005). The last 20 years of visual anthropology – a critical review. *Visual studies*, 20(2), 159-170

Smith, J. A., Flower, P., & Larkin, M. (2009). Interpretative Phenomenological Analysis: Theory, Method and Research. Qualitative Research in Psychology, 6(4), 346–347. https://doi.org/10.1080/14780880903340091

Taylor, L. (1996). Iconophobia. *Transition*, 69, 64-88

Wolf, E., (1966), Peasants, Prentice-Hall, INC., Englewood Cliyfs, New Jersey

Bengali sources

আকবর, প্রতীক ২০২২, " সিনেপ্লেক্সে দেখা যাবে কুড়া পক্ষীর শূন্যে উড়া",
https://www.newsbangla24.com/culture/211795/Cineplex-can-be-seen-flying-in-the-air

আখতার, কাজী রোজানা ২০০০, "হাকালুকি হাওর", দেখুন কালী প্রসন্ন দাস, মোস্তফা সেলিম, বড়লেখা: অতীত ও বর্তমান, ঢাকা: বাংলাদেশ রাইটার্স গিল্ড, ঢাকা ১৭৯-১৯২

সৈকত দে. (2022, November 14). 'কুড়া পক্ষীর শূন্যে উড়া: বিপন্ন মানুষের গল্প. The Business Standard. https://www.tbsnews.net/bangla/%E0%A6%AE%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%A4/news-details-119658

নৃবিজ্ঞান পত্রিকা (Nrvijnana Patrika), ISSN: 1680-0621, সংখ্যা ২৯
© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

নৃবিজ্ঞান পত্রিকা (Nrvijnana Patrika), ISSN: 1680-0621, সংখ্যা ২৯
© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ইকো-ট্যুরিজম: ডিসকোর্স ও চর্চা

রঞ্জন সাহা পার্থ[১]

সারসংক্ষেপ

'ভালো অনুশীলন', 'টেকসই', 'দায়িত্বশীল পর্যটন'—এ তিনটি বিষয়কে প্রাধান্য দিয়ে ইকো-ট্যুরিজমের বিকাশ ঘটলেও বাস্তবিক অর্থে তার চর্চা কেমন?—এ জিজ্ঞাসাকে সামনে রেখেই পার্বত্য চট্টগ্রামে ইকো-ট্যুরিজম প্রেক্ষাপটের এথনোগ্রাফিক অনুসন্ধানই এ প্রবন্ধের মুখ্য উদ্দেশ্য। পরিবেশ ও স্থানীয় সমাজকে প্রাধান্য দেওয়ার নীতি নিয়ে প্রতিষ্ঠিত ইকো-ট্যুরিজম বাস্তবিক অর্থে পরিবেশ সংরক্ষণের চেয়ে মুনাফা ও বাজারব্যবস্থার উপর প্রাধান্য দেয়। উপরন্তু বিজ্ঞাপন ও অন্যান্য মাধ্যম ব্যবহার করে পর্যটক আকর্ষণ করে এবং এর সঙ্গে জড়িতদের একটি নব্য উদারনৈতিক ব্যবস্থার সাথে যুক্ত হতে উদ্বুদ্ধ করে। ইকো-ট্যুরিজমের ব্যানারে পরিকল্পনা ও নীতিমালাবিহীন অবকাঠামো উন্নয়ন, অধিক মাত্রায় পর্যটকের আগমন শুধু পরিবেশের উপরই প্রভাব ফেলছে না, পার্বত্য চট্টগ্রামে বসবাসরত প্রান্তিক জনগোষ্ঠীর বিদ্যমান প্রান্তিকতাকে পুনরুৎপাদন করছে।

ভূমিকা

ইকো-ট্যুরিজম পর্যটনের এমন একটি ধারণা, যা প্রাকৃতিক পরিবেশ-সংবলিত পর্যটন এলাকায় পরিবেশের সুরক্ষা ও সংরক্ষণ, পরিবেশগত ঐতিহ্য ও সংস্কৃতি এবং স্থানীয়দের অর্থনৈতিক ও সামাজিক বিকাশ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করে। ইকো-ট্যুরিজমের ধারণা বিকাশ লাভ করেছে গণপর্যটনের বিকল্প হিসেবে, যেখানে স্থানীয়, পরিবেশ সুরক্ষার মতো বিষয়াবলিকে প্রাধান্য দেওয়া হয়ে থাকে। এ ক্ষেত্রে পর্যটনের বিভিন্ন স্টেকহোল্ডার, যেমন—স্থানীয় জনগণ, প্রকৃতিপ্রেমী ভ্রমণপিপাসু, সরকারি-বেসরকারি পর্যায়ে প্রকৃতি-পরিবেশ রক্ষার সংগঠন ও স্থানীয় সরকারের অংশগ্রহণের মাধ্যমে প্রকৃতি সংরক্ষণের ধারণাই ইকো-ট্যুরিজম। এ প্রবন্ধে বাংলাদেশে ইকো-ট্যুরিজমের ডিসকোর্স ও চর্চার বিষয়ে আলোকপাত করা হয়েছে। জীব ও প্রাণবৈচিত্র্যপূর্ণ পার্বত্য চট্টগ্রামে ঐতিহাসিকভাবে পর্যটন প্রচলিত রয়েছে, যা সাম্প্রতিক দশকে বৈশ্বিক ইকো-ট্যুরিজম ডিসকোর্সের সঙ্গেও যুক্ত। একবিংশ শতকের শুরুর দিকে বিভিন্ন ধরনের 'ইকো-রিসোর্ট', 'ইকো-কটেজ' স্থাপনার মধ্য দিয়ে এখানে ইকো-ট্যুরিজমের সূত্রপাত হচ্ছে, যার পরিধি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ইন্টারন্যাশনাল ইকো-ট্যুরিজম সোসাইটির সংজ্ঞানুযায়ী, ইকো-ট্যুরিজম হলো প্রাকৃতিক অঞ্চলে দায়িত্বশীল ভ্রমণ; যা পরিবেশ সংরক্ষণ ও স্থানীয় মানুষের মঙ্গল সাধন করে (ইন্টারন্যাশনাল ইকো-ট্যুরিজম সোসাইটি, ১৯৯১)। উন্নয়নশাস্ত্র, বিশেষত পরিবেশ-গবেষকগণ বাংলাদেশের ইকো-ট্যুরিজম বিষয়ে গবেষণা সম্পাদন করলেও বাংলাদেশের নৃবিজ্ঞানীদের এ বিষয়ে তেমন আগ্রহ পরিলক্ষিত হয় না। বিশ্বের অনেক দেশেই নৃবিজ্ঞানীরা ইকো-ট্যুরিজমের ডিসকোর্স ও চর্চা নিয়ে গবেষণা সম্পাদন করেছেন এবং এ বিষয়ে বিভিন্ন ধারার তাত্ত্বিক প্যারাডাইমও সুপ্রতিষ্ঠিত। সাম্প্রতিক দশকে ইকো-ট্যুরিজম ডিসকোর্স আলোচনায় নৃবিজ্ঞানীরা দেখান যে, এটি পর্যটন-ব্যবস্থাপনার এমন একটি ছাতা, যার ছায়াতলে নানাবিধ নব্য-উদারনৈতিক প্রেক্ষাপট, যেমন— পরিবেশ সংরক্ষণ, স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থান, ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণ ইত্যাদি যুক্ত হয়। কিন্তু বাস্তবিক অর্থে দিন শেষে এ ডিসকোর্স বাজারব্যবস্থার উপর জোর দেয়,

[১] অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। ই-মেইল: parthoju@juniv.edu

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বিজ্ঞাপন ও অন্যান্য মাধ্যম ব্যবহার করে পর্যটক আকর্ষণ করে এবং এর সঙ্গে জড়িতদের একটি নব্য উদারনৈতিক মানসিকতার সাথে যুক্ত হতে উদ্বুদ্ধ করে।

অন্যান্য দেশের নৃবিজ্ঞানীদের অভিজ্ঞতা আমার এ গবেষণামূলক প্রবন্ধের তাত্ত্বিক ভিত্তি রচনায় সহায়তা করেছে। এ প্রবন্ধে বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামে প্রচলিত ইকো-ট্যুরিজম ডিসকোর্সের মাধ্যেমে 'পরিবেশ সংরক্ষণ' ও 'স্থানীয় মানুষের মঙ্গল সাধন' বিষয়াবলি কীভাবে প্রতিফলিত হচ্ছে, তা এথনোগ্রাফিক অভিজ্ঞতার আলোকে বিশ্লেষণ করা হয়েছে। গবেষণা থেকে প্রাপ্ত তথ্যের আলোকে বিশ্লেষণ করা হয়েছে যে, ইকো-ট্যুরিজমের ব্যানারে প্রাকৃতিক স্থানগুলোতে অবকাঠামোগত উন্নয়ন ঘটিয়ে পর্যটক আকর্ষণ করা হচ্ছে, যেখানে স্থানীয় সংস্কৃতি, জনমানুষের অংশগ্রহণ সীমিত; বরং প্রভাবশালী ব্যক্তি, কর্পোরেট প্রতিষ্ঠান মূল ভূমিকায় অবতীর্ণ হচ্ছে। স্থায়ী কোনো নীতিমালা না থাকার কারণে এমনিতেই পর্যটক, স্থানীয় মানুষ ও পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়ছে; উপরন্তু ইকো-ট্যুরিজম বিজ্ঞাপনের ভাষায় পরিণত হয়েছে, যেখানে স্থানীয় পরিবেশ, প্রকৃতি, জনমানুষের বাস্তবতা আড়ালেই থেকে যাচ্ছে। প্রথাগত পর্যটনের সীমাবদ্ধতা দূরীকরণে ইকো-ট্যুরিজম বিকাশ ঘটলেও বাস্তবিক অর্থে নতুন এ ডিসকোর্স পুরোনো সীমাবদ্ধতাসমূহেরই পুনরুৎপাদন ঘটাচ্ছে।

গবেষণা-পদ্ধতি

ইকো-ট্যুরিজমের ডিসকোর্স ও চর্চা শিরোনামের এ প্রবন্ধেটি ২০২১ সাল হতে শুরু করে ২০২৪ সাল পর্যন্ত বিভিন্ন সময়কালে কতগুলো ধারাবাহিক গবেষণা হতে তথ্য সংগ্রহের আলোকে লিখিত। বান্দরবান জেলার থানচি উপজেলাকে কেন্দ্র করে বিভিন্ন পর্যটন স্থানে গবেষণার মূল মাঠকর্ম সম্পাদিত হয়। তবে গবেষণাটি একক কোন স্থানে সম্পাদিত হয়নি, পার্বত্য অঞ্চলের রাঙামাটি, খাগড়াছড়ির বিভিন্ন পর্যটন স্থানেও গাবষণার জন্য তথ্য সংগ্রহ করা হয়েছে। আমার পিএইচডি গবেষণাও ছিল পার্বত্য চট্টগামের শান্তি চুক্তি (Chittagong Hill Tracts Accord, 1997) বিষয়ে। ২০১১-২০১৩ সালে গবেষণাকালে দেখতে পেয়েছি যে, পর্যটন শুধু বিশুদ্ধ ভ্রমণ নয় বা স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থানের অবলম্বন নয়; স্থানীয় জনগোষ্ঠীর ভোগান্তিরও বিষয়, ক্ষেত্রবিশেষে দ্বন্দ্বেরও কারণ (পার্থ, ২০২১)। এই প্রবন্ধের কিছু তথ্য-উপাত্ত ইউএনডিপি-র একটি গবেষণার অংশবিশেষ, গবেষণাটি ২০২১ সালে আমি ইউএনডিপি-র অর্থায়নে সম্পাদন করি। গবেষণার প্রধান জিজ্ঞাসা ছিল, ইকো-ট্যুরিজম কীভাবে স্থানীয় জনগোষ্ঠীর যুবকদের কর্মসংস্থান করতে পারে, তার সম্ভাবনা খতিয়ে দেখা। গবেষণার মূল ফিল্ড বা মাঠ ছিল পার্বত্য চট্টগ্রামের বান্দরবান ও খাগড়াছড়ি এবং কক্সবাজার। এ ছাড়াও ইকো-ট্যুরিজম স্পট হিসেবে সুন্দরবন, টাঙ্গাইল, গাজীপুরে ভাওয়াল বনেও মাঠকর্ম সম্পাদিত হয়েছে। এ প্রবন্ধে পার্বত্য অঞ্চলের অভিজ্ঞতাকে প্রাধান্য দেওয়া হয়েছে, ক্ষেত্রবিশেষে অন্যান্য জায়গার অভিজ্ঞতা তুলে ধরা হয়েছে। গবেষণা-পদ্ধতি ছিল গুণগত, যেখানে অংশগ্রহণ ও পর্যবেক্ষণ, ফোকাস গ্রুপ আলোচনা, নিবিড় সাক্ষাৎকার নেওয়া হয়েছে। হোটেল ও রিসোর্ট কর্মকর্তা, স্থানীয় জনগোষ্ঠীর নারী-পুরুষ, পর্যটক, স্থানীয় ব্যবসায়ীরা তাঁদের মতামত দিয়ে গবেষণার তথ্যকে সমৃদ্ধ করেছেন। সংক্ষেপে বলতে গেলে মূল গবেষণা পদ্ধতি হচ্ছে এথনোগ্রফিক। এর পাশাপাশি বিভিন্ন সময়ে গুনগত গবেষণার নিবির স্বাক্ষাৎকার, ফোকাসগ্রুপ আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। ক্ষেত্রবিশেষে তথ্যদাতার নাম পরিচয় প্রবন্ধে প্রকাশিত হয়নি। মোট কথা গবেষণাটি ২০২১ থেকে শুরু করে লেখকের বিভিন্ন পর্যায়ের বেশ কয়েকটি পর্যায়ের গবেষণার তথ্য ও সামগ্রীক অভিজ্ঞতার আলোকে লিখিত। আর গবেষণার স্থান/ মাঠও তাই 'মাল্টি সাইটেড' (মার্কাস, ১৯৯৫)। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগে গবেষণা পদ্ধতি কোর্স শিক্ষক থাকাকালীন শিক্ষার্থীদের নিয়ে বিভিন্ন সময়ে মধুপুর, গাজীপুর, মৌলভীবাজার ইকো-ট্যুরিজম এলাকায় মাঠ পরিদর্শণে যাবার অভিজ্ঞতা, মাঠকর্মকালীন

শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয় জনগোষ্ঠীর কথোপথন, পর্যটন বিষয়ে তাদের অন্তর্দৃষ্টি আমার এই গবেষণা প্রবন্ধ ও তার যুক্তি দাড়করণের ক্ষেত্রে ভূমিকা রাখে। পরবর্তীতে একাডেমিক প্রবন্ধ লেখার সময় প্রাপ্ত তথ্যসমূহকে নৃবৈজ্ঞানিক তত্ত্বের সঙ্গে যুক্ত করা হয়। প্রবন্ধের তথ্যসংগ্রহের পদ্ধতি হিসেবে সেকেন্ডারি লিটারেচার একটি বড় ভূমিকা রেখেছে। সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সংবাদপত্র ও গণমাধ্যমে দেশব্যাপী ইকো-ট্যুরিজমের বিস্তার নিয়ে বেশকিছু গুরুত্বপূর্ণ অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশিত হয়েছে। সে প্রতিবেদনসমূহ প্রবন্ধের তথ্য-উপাত্ত বিশ্লেষণ করতে ভূমিকা রাখে। দৈনিক পত্রিকা, টিভি চ্যানেলের অনুসন্ধানী প্রতিবেদনসমূহের প্রধান বিষয়বস্তুও এ গবেষণার সঙ্গে বিশেষভাবে সম্পর্কিত। দেশব্যাপী ট্যুরিজমের নামে যে প্রাকৃতিক সম্পদের ব্যবহার করা হচ্ছে, সে বিষয়গুলোর সঙ্গে সম্পর্কিত প্রতিবেদনসমূহও এ গবেষণার তথ্যসূত্র হিসেবে ব্যবহৃত হয়েছে।

সাহিত্য-পর্যালোচনা

হেক্টর সেবালাস ল্যাসকুরেন ১৯৮৩ সালে মেক্সিকোতে 'প্রোনাচারা' (Pronatura) নামক এনজিও প্রতিষ্ঠার সময় ইকো-ট্যুরিজম শব্দটি প্রথম ব্যবহার করেন। হেক্টর লক্ষ করেন যে, পর্যটক, প্রকৃতি ও সংস্কৃতির মধ্যে এক জটিল সম্পর্ক বিদ্যমান। ১৯৭০ ও ১৯৮০-এর দশকে পরিবেশ-আন্দোলনের মাধ্যমে ইকো-ট্যুরিজমের প্রয়োজনীয়তা শুরু হয়। ইন্টারন্যাশনাল ইকো-ট্যুরিজম সোসাইটি (১৯৯১)-এর রিপোর্ট মোতাবেক, ইকো-ট্যুরিজম হলো প্রাকৃতিক অঞ্চলে দায়িত্বশীল ভ্রমণ; যা পরিবেশ সংরক্ষণ ও স্থানীয় মানুষের মঙ্গল সাধন করে। 'ইকোট্যুরিজম' শব্দটির ক্ষেত্রে তিনটি বিষয়কে প্রাধান্য দেওয়া হয়েছে: 'ভালো অনুশীলন' (good practice), 'টেকসই' (sustainable) ও 'দায়িত্বশীল পর্যটন' (responsible tourism)। সামাজিক বিজ্ঞানের গবেষণায় ইকো-ট্যুরিজমকে 'bursting the bubble' হিসেবে আখ্যা দিয়ে দেখানো হয় যে, ইকো-ট্যুরিজম ডিসকোর্সটি পরিবেশ সংরক্ষণ ও স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থানের উপর গুরুত্ব আরোপ করে ছাতার (umbrella) মতো কাজ করার কথা থাকলেও তা অর্থহীন ছাতায় (meaningless umbrella) পরিণত হয়েছে (ক্যারিয়ার, ২০০৫)।

যখন পর্যটন চকচকে পোস্টার-ব্যানার ও রঙিন গল্প তৈরি করে, নৃবিজ্ঞান সেখানে পর্যটন এলাকার দৈনন্দিন জীবনের সঠিক প্রতিকৃতি প্রদানের চেষ্টা করে। ইকো-ট্যুরিজমের বাস্তবতা বলতে গিয়ে মজা করে তাঁর প্রবন্ধে লিখেন,

> ইকো-ট্যুরিজম চর্চা অনেক সময় নিজেই পরিবেশের উপর চাপ ফেলতে পারে; এ চর্চাগুলো নিজের অজান্তেই পরিবেশের ক্ষতি করে। যেমন: দূরদূরান্ত থেকে যানবাহনে ভ্রমণে করে পরিবেশবান্ধব জায়গায় গিয়ে একজন পরিবেশবাদী প্রকৃতিপ্রেমীও যে যানবাহনের ধোঁয়া দিয়ে পরিবেশ ক্ষতি করছে, সে দিকগুলো উপেক্ষিত থেকে যায়।

স্ট্রোন্জা (২০০১) দেখান যে, ইকো-ট্যুরিজমে স্থানীয় জনগোষ্ঠী এক্টিভ এজেন্ট নয়, বরং প্যাসিভ রেসিপিয়েন্ট হিসেবে আবির্ভূত করে। আর মোট কথা, স্থানীয় জনগোষ্ঠী যেহেতু শ্রেণি, বর্ণ, লিঙ্গীয় দিক থেকে সমরূপ নয়, তাই ইকো-ট্যুরিজমে সবার অংশগ্রহণের মাত্রাও সমান নয়।

ইকো-ট্যুরিজম নিওলিবারেল নীতিমালার মধ্যে পণ্যবিন্যাস, খরচ ও সুবিধা বিশ্লেষণ এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির মতো বিষয়াবলিকে অন্তর্ভুক্ত করে। যেহেতু এটি পরিবেশ সংরক্ষণ, স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থান, স্থানীয় ইতিহাস ও সংস্কৃতির পরিবেশনের কথা বলে, তাই এ ধারণাকে চ্যালেঞ্জ বা সমালোচনা করা কঠিন করে তোলে। বরং এটি 'স্থানীয় সম্প্রদায়, বৈশ্বিক এনজিও, দাতা ও IFIs-সহ জটিল পরিসরের স্বার্থ-গোষ্ঠীর কাছ থেকে শক্তিশালী সমর্থন পায়' (ডাফি, ২০০২)। ক্যাথলিন (১৯৯৯: ১৩৩) এটিকে একটি 'উত্তর-উদারবাদী

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

পরিবেশগত-অর্থনৈতিক দৃষ্টান্ত' বলে অভিহিত করেছেন, যা উন্নয়নশীল দেশগুলোর পর্যটনের মাধ্যমে মুনাফার জন্য ইকো-ট্যুরিজমের নামে "প্রকৃতিকে ব্যবহার করবে", এবং এভাবে শেষ পর্যন্ত শোষণমূলক পুঁজিবাদী সম্পর্ক জোরদার করবে।

ফুকোর দৃষ্টিকোণ থেকে, এ অধীনতাকে 'সরকারিতা' (governmentality) (ফুকো, ১৯৯১), বিশেষত 'নব্য উদারবাদী সরকারিতা' (neo-liberal governmentality) হিসেবে সংজ্ঞায়িত করা যেতে পারে। এটি নিয়ম ও মূল্যবোধের এমন একটি মিথস্ক্রিয়া, যেখানে 'পরিকল্পনাবিদদের অত্যধিক পরিকল্পনার লক্ষ্য অনুসারে সমগ্র ব্যবস্থাপনাকে (যেমন—তহবিল সরবরাহকারী, স্থানীয় প্রতিনিধি, ভোক্তা বা পর্যটক, প্রশাসন, স্থানীয় জনগোষ্ঠী) স্বনিয়ন্ত্রিত করে' (ফ্লেচার, ২০১৮)। আগরওয়াল (২০০৫: ১৬১) দেখিয়েছেন যে, পরিবেশগত সুরক্ষার নিরীক্ষণ ও প্রয়োগে অংশগ্রহণের মাধ্যমে, ভারতীয় গ্রামবাসীরা পরিবেশগতভাবে সচেতন ও উদ্বিগ্ন হয়ে ওঠেন, যাকে আগরওয়াল 'পরিবেশগততা' (environmentality) হিসেবে আখ্যা দেন। এর পরিপ্রেক্ষিতে, ইউদেলিস (২০১৩) ইকো-ট্যুরিজমের বিপরীত যুক্তিকে হাইলাইট করে। ইকো-ট্যুরিজম তার সমগ্র স্টেকহোল্ডারকে শৃঙ্খলামূলক পরিবেশ এবং নব্য উদারবাদী পরিবেশের মধ্যে, সংরক্ষণ এবং টেকসই উন্নয়ন পলিসির অন্তর্ভুক্ত হতে বাধ্য করে।

নৃবিজ্ঞানী বুপসটিন পর্যটনকে 'একটি সাংস্কৃতিক মঞ্চের ছদ্ম-ঘটনার সিরিজ প্রযোজনা' হিসেবে আখ্যায়িত করেন (বুরস্টিন, ১৯৬৯)। এরই ধারাবাহিকতায় ডালগ্লিশ (২০১৮) ইকো-ট্যুরিজমকে পর্যটন বিকাশের জন্য ম্যাজিক বুলেট 'magic bullet' হিসেবে আখ্যা দিয়েছেন। ইকো-ট্যুরিজম পরিবেশ সংরক্ষণে বাজারব্যবস্থার উপর জোর দেয় আরও বিজ্ঞাপন ও অন্যান্য মাধ্যম ব্যবহার করে পর্যটক আকর্ষণ করে এবং এর সঙ্গে জড়িতদের একটি নব্য উদারনৈতিক মানসিকতার সাথে যুক্ত হতে উদ্বুদ্ধ করে।

ইকো-ট্যুরিজম জাতীয় ও আন্তর্জাতিক গোষ্ঠীর কাছে আবেদন সৃষ্টি করে, কারণ এটি একই সাথে বিভিন্ন উন্নয়ন ডিসকোর্সেও বৈশ্বিক এজেন্ডাগুলোকে সম্বোধন করে, যেমন: 'পুঁজিবাদী উন্নয়ন, সম্প্রদায়ের উন্নয়ন, দারিদ্র্যবিমোচন, বন্যপ্রাণী সংরক্ষণ এবং পরিবেশসুরক্ষা' (ডাফি, ২০০৯: ৩১৪)। এগুলো নিওলিবারেল পলিসির সাথেও গভীরভাবে যুক্ত। এটি পর্যটনের সবচেয়ে দ্রুত বর্ধনশীল খাত (দাস ও চ্যাটার্জি, ২০১৫) এবং অনেক ক্ষেত্রে পর্যটন-প্রকল্পগুলোকে ইকো-ট্যুরিজম হিসেবে লেবেল করা হয়েছে পর্যটকদের আকৃষ্ট করার জন্য অথবা প্রকৃতপক্ষে উন্নয়ন সংস্থা ও সরকারি তহবিল আকর্ষণ করার জন্য এবং পর্যটন উন্নয়ন নীতিগুলোকে বৈধতা দেওয়ার জন্য (ক্যারিয়ার ও ম্যাকলেয়ড, ২০০৫)। আন্তর্জাতিক মঞ্চে এত জনপ্রিয় হওয়ার কারণে, 'ইকো-ট্যুরিজম'কে একটি লেবেল ও ব্র্যান্ড হিসেবে অপব্যবহার করা হচ্ছে। এর ফলাফল হলো স্পট এবং প্রকল্পগুলোর বিস্তার বা তার টেকসই ও দীর্ঘস্থায়িত্বের নীতিকে সমর্থন না করেই অথবা পরিবেশগত ও সামাজিক সমস্যাগুলো চিহ্নিত না করেই ইকো-ট্যুরিজম নামটি গ্রহণ করে (গ্রে ও ক্যাম্পবেল, ২০০৭)। এ বিষয়ে ব্রাজিলের কফিচাষিদের বিজ্ঞাপনের ব্যবহারকে সামনে নিয়ে আসা যেতে পারে। ব্রাজিলের কফিচাষিদের বিজ্ঞাপনে ব্যবহার করা হয় কফির অর্গানিক বিষয়কে প্রমাণ করার জন্য; আবার কখনো কফিচাষ এলাকায় পর্যটন বিকাশের জন্য। কিন্তু চাষিদের অভাব, দুর্দশা কখনোই বিজ্ঞাপনে প্রচার পায় না বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামে ইকো-ট্যুরিজম বিকাশে প্রকৃতিকে বিজ্ঞাপনে প্রচার করলেও পর্যটন কীভাবে স্থানীয় পরিবেশ, সংস্কৃতি বা রিসোর্ট স্থাপনে যে উচ্ছেদ সংস্কৃতি, সে বিষয়গুলো আড়ালেই থেকে যায়।

ক্যারিয়ার ও ম্যাকলেয়ড (২০০৫: ৩২৯) পুঁজিবাদী ব্যবস্থায় পণ্যের ফেটিশাইজেশনের মার্কসীয় ধারণাকে উদ্ধৃত করেছেন: "পণ্যটিকে এমনভাবে বিক্রয়ের জন্য উপস্থাপন করার প্রবণতা, যা সামাজিক সম্পর্ক ও পরিস্থিতিগুলোকে অস্পষ্ট করে, যা এটিকে অস্তিত্বে নিয়ে আসে এবং সম্ভাব্য ক্রেতার দৃষ্টি আকর্ষণ করে"। এ একই প্রবণতা ইকো-ট্যুরিজমের মধ্যে বিদ্যমান (ক্যারিয়ার ও ম্যাকলেয়ড, ২০০৫)। সুরক্ষিত এলাকা ও উন্নয়ন-প্রকল্পগুলো খুব কমই স্থানীয় জনগণের স্থানচ্যুতি এবং সমস্যাসমূহকে কেন্দ্র করে বিজ্ঞাপন দেয় যে, সমস্যাগুলো মূলত ইকো-ট্যুরিজমের ফলেই সৃষ্ট।

কোনো কোনো স্থানে প্রকৃতির উপর পর্যটকের কী রকম চাপ পড়বে, প্রকৃতি ও স্থানীয় মানুষ কতটুকু পর্যটকের চাপ নিতে পারবে—সে বিষয়ে গবেষণা ছাড়াই ইকো-ট্যুরিজম প্রসার লাভ করছে। যেমন, মেক্সিকোতে বাহিয়া ম্যাগডালেনার মতো জায়গায় ইকো-ট্যুরিজম কার্যকলাপ হিসেবে তিমি দেখার জনপ্রিয়তা প্রকৃতি ও পরিবেশের ধারণক্ষমতার দিকে নজর দেয় না; স্থানীয় পণ্যের সরবরাহের চেয়ে পর্যটকদের চাহিদার দিকে পরিচালিত করে। নৌকার ট্রাফিক ও ধারণক্ষমতা কতটা বেশি হতে পারে, সে বিষয়ে কোনো ঐকমত্য নেই। এক সঙ্গে এক ডজন নৌকা ও নৌকা ভর্তি পর্যটকের উপস্থিতি পরিবেশ ও তিমির আচরণের উপর কী রূপ প্রভাব ফেলে তার উপর কোনো গবেষণা নেই (দাস ও চ্যাটার্জি, ২০১৫)। স্থানীয় অবকাঠামোর অভাব বর্জ্যনিষ্কাশন, জনস্বাস্থ্য-সমস্যা ও পরিবেশগত ঝুঁকির সমস্যা তৈরি করে। কিন্তু এ ধরনের সীমাবদ্ধতা সত্ত্বেও শুধু পর্যটন ও উন্নয়নের সম্প্রসারণকে উৎসাহিত করা হয়, যা প্রাকৃতিক সম্পদের উপর চাপ সৃষ্টি করে এবং সামুদ্রিক বাসস্থানকে হুমকির সম্মুখীন করে (ইয়ং, ১৯৯৯)। এখানে আবার ইকো-ট্যুরিজম বিকাশের দ্বন্দ্ব প্রকাশ পায়—এটি প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য বাজারের নীতির উপর নির্ভর করে, বাজার সম্প্রসারণকে প্রাধান্য দেয়, যা পর্যটকরা যে প্রাকৃতিক সম্পদগুলো দেখতে আসে তাকে ক্ষতিগ্রস্ত করে। এ দৃষ্টিকোণ থেকে, ইকো-ট্যুরিজম উন্নয়নের জন্য একেবারেই একটি 'ম্যাজিক বুলেট', কিন্তু সঠিক ব্যবস্থাপনার অধ্যয়ন ছাড়া এটি একেবারেই টেকসই নয়।

ইকো-ট্যুরিজম একটি প্রভাবশালী বৈশ্বিক মতাদর্শ হিসেবে নব্য-উদারনীতিবাদ স্থানীয় সংস্কৃতি ও প্রথাগুলোকে বাজারের নীতির অধীন করে, যা অস্থিতিশীল করতে পারে এবং সম্প্রদায়গুলোর মধ্যে সংঘর্ষের কারণ হতে পারে। এমনকি যদি ইকো-ট্যুরিজম লেবেলটি ভুলভাবে ব্যবহার না করা হয়, তবুও উদ্যোগগুলো টেকসইভাবে পর্যটকদের আগমন পরিচালনা করতে ব্যর্থ হতে পারে, বা উদ্ভিদ ও প্রাণীজগতের উপর ইকো-ট্যুরিজমের দীর্ঘমেয়াদি প্রভাব ফেলতে পারে।

নীতি অনুযায়ী ইকো-ট্যুরিজম আশা করে এ ধরনের পর্যটন পরিবেশকে রক্ষা করবে। কিন্তু প্রকৃতপক্ষে এর অবকাঠামোগত উন্নয়ন পরিবেশগত সম্পদের উপর চাপ বাড়াতে থাকে। শক্তিশালী স্থানীয় প্রতিষ্ঠান ও ব্যবস্থাপনা অনুশীলনগুলো এর প্রতিকার করতে পারে, যদিও তারা নিজেরাই প্রভাবশালী নব্য-উদারবাদী আখ্যানের চাপের মধ্যে পড়ে আছে। তবে স্থানীয় জনগোষ্ঠী যখন প্রভাবশালী নব্য-উদারবাদী আদর্শকে প্রতিহত করতে সক্ষম হয়, তখনই তারা এটি থেকে সামগ্রিকভাবে উপকৃত হতে পারে। কিন্তু এর ব্যতিক্রম হলে কিছু ব্যক্তি বিপুল সংখ্যাগরিষ্ঠ সুবিধা লাভ করে (বেলস্কি, ১৯৯৯)। এর জন্য প্রয়োজন শক্তিশালী বিদ্যমান প্রতিষ্ঠান ও স্থানীয় জনগোষ্ঠীর ব্যবস্থাপনা। কিন্তু বাংলাদেশের বিভিন্ন জেলার ইকো-ট্যুরিজমের বিকাশ কি স্থানীয় সরকার, জনগোষ্ঠী, বিদ্যমান সামাজিক কাঠামো, পরিবেশ নীতিমালা—এ সকল বিষয়াবলির ওপর শ্রদ্ধাশীল বা এসব স্টেকহোল্ডার সমন্বিত কোনো নীতিমালা গ্রহণ বা প্রণয়ন করেছে? এ বিষয়গুলো খতিয়ে দেখা এ প্রবন্ধের আলোচ্য।

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ফ্লেচার (২০১০: ১৭৮) উল্লেখ করেছেন যে, ইকো-ট্যুরিজম ও নিও-লিবারেলিজমের সমালোচনার মধ্যেই আমরা শাসনের একটি নতুন রূপ খুঁজে পেতে পারি। এটি হবে একটি 'উন্নয়ন-পরবর্তী' (post-development) যুগ, যা মানুষের সাংস্কৃতিক কল্যাণের জন্য সত্যিকারের অংশগ্রহণমূলক এবং সহযোগিতামূলক প্রক্রিয়ার উপর জোর দেয়। এটি এস্কোবারের (১৯৯৯) সাংস্কৃতিক সংকরায়ণের (cultural hybridity) ধারণাকে সমর্থন করে, যা প্রকৃতি ও সংস্কৃতির নতুন বিরোধিতাবাদী শাসনের সূচনা করে। এ ক্ষেত্রে একে অপরের সাথে এবং পারিপার্শ্বিকতার সাথে সম্পর্ক স্থাপনের নতুন উপায় স্থাপনে নতুন সম্ভাবনার জন্য উন্মুক্ত থাকা এবং পুরোনো দ্বিধাবিভক্তি এড়ানো গুরুত্বপূর্ণ। অর্থাৎ পরিবেশবান্ধব পর্যটন এলাকায় প্রকৃতি ও পরিবেশের কোনো ক্ষতি না করে প্রকৃতির ঐশ্বরিক সৌন্দর্য উপভোগ, উপলব্ধি ও অধ্যয়ন করাই হলো ইকো-ট্যুরিজম। ইকো-ট্যুরিজম বা পরিবেশগত পর্যটনের মাধ্যমে প্রকৃতিকে গভীরভাবে জানার ও বোঝার সুযোগ থাকে। পর্যটনের এ ধারণা এসেছে পরিবেশের যথার্থ রক্ষণাবেক্ষণের ভাবনা থেকেই। এটি পর্যটনকে শুধু বিনোদনের খোরাক না ভেবে পরিবেশের ভারসাম্য বজায় রাখার ধারণার শিক্ষা দেয়।

বাংলাদেশের বিভিন্ন স্থানে প্রাকৃতিক পরিবেশকে কেন্দ্র করে ইকো-ট্যুরিজম নামে পর্যটন গড়ে উঠেছে। পার্বত্য চট্টগ্রাম যেহেতু জীববৈচিত্র্য ও প্রাণবৈচিত্র্যপূর্ণ এলাকা, সেখানে নানামুখী পর্যটন ইকো-ট্যুরিজম নামে বিকাশ লাভ করেছে। কিন্তু প্রশ্ন হচ্ছে—পার্বত্য চট্টগ্রামে ইকো-ট্যুরিজমের যে বিকাশ, তা ইকো-ট্যুরিজম ডিসকোর্সের সাথে কতটুকু মানানসই? ইকো-ট্যুরিজমের যে মূল উদ্দেশ্য—পরিবেশ সুরক্ষা ও স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ, তার কতটুকু প্রতিফলন ঘটছে?

ইকো-রিসোর্ট কি ইকো-ট্যুরিজমের স্থানীয় রূপ?

সাম্প্রতিক দশকে পার্বত্য চট্টগ্রামে পর্যটকদের আকৃষ্ট করার জন্য 'ইকো-রিসোর্ট' ধারণার বিকাশ লাভ করে। শুধু পার্বত্য চট্টগ্রামেই নয়, বন-পাহাড়-নদী-কৃষিজমিকে কেন্দ্র করে এখন ইকো-রিসোর্টের বিস্তার দেশব্যাপী। সুন্দরবন থেকে শুরু করে ভাওয়ালের বন, উত্তরবঙ্গের নদী, এমনকি ঢাকার আশেপাশে খোলা জায়গা ও আরেকটু জলাশয় পেলেই স্থাপনা তৈরি করে নাম দেওয়া হচ্ছে 'ইকো-রিসোর্ট'। পাহাড় ও বনের ভেতরে বাঁশ বা কাঠের বাড়ি দিয়ে এ ইকো-রিসোর্টের সূত্রপাত হলেও বর্তমানে কংক্রিটের ব্যবহার শুরু হয়েছে। উদাহরণ হিসেবে বলা যায়, বর্তমানে পার্বত্য চট্টগ্রামে সাজেক ভ্যালি ভ্রমণপিপাসুদের জন্য একটি লোভনীয় স্থান, এখানে পাহাড়ের কোল ঘেঁষে অনেক রিসোর্ট তৈরি হয়েছে। রিসোর্টগুলো শুরুর দিকে ইকো-ট্যুরিজমের আদলে বাঁশ ও কাঠ দিয়ে তৈরি হলেও, বর্তমানে ইট-কংক্রিটের রিসোর্ট নির্মাণ হচ্ছে। ইকো-ট্যুরিজমের জন্য বিখ্যাত রাঙামাটির সাজেক ভ্যালিতে পর্যবেক্ষণে দেখা গিয়েছে যে, বর্তমানে ১৫৪টি কটেজের মধ্যে ৭টি কটেজ ইট-পাথরের, যেগুলো খুবই সম্প্রতি নির্মিত হয়েছে[২]। এগুলো ইকো-ট্যুরিজম ডিসকোর্সের সঙ্গে সাংঘর্ষিক। শুধু সাজেক নয়, পুরো পার্বত্য চট্টগ্রামেই; এমনকি পার্বত্য চট্টগ্রামের বাইরেও ইট-পাথরের রিসোর্টের মালিকানা প্রভাবশালী 'বহিরাগত' মালিক অথবা স্থানীয় রাজনৈতিক নেতার অধীনে থাকবার কারণে স্থানীয় মানুষ বা প্রশাসন কেউই এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে না। এ রকমও দেখা গিয়েছে যে, প্রাকৃতিক সম্পদ দিয়ে, যেমন: বাঁশ ও কাঠ দিয়ে রিসোর্ট তৈরি করা হলেও পাহাড় কেটে রাস্তা নির্মাণ করা হচ্ছে। উদাহরণস্বরূপ, রাঙামাটির জুমকিং ইকো-রিসোর্টের কথা উল্লেখ করা যায়। রিসোর্টটির থাকার ঘর বাঁশ, কাঠ দিয়ে রিসোর্ট তৈরি করা হলেও যাতায়াতের জন্য পাহাড় কেটে রাস্তা নির্মাণ করা হয়েছে।

[২] ২০২৪ সালের জানুয়ারিতে গবেষণাকালীন তথ্য।

রাঙামাটির একটি রিসোর্টের পার্শ্ববর্তী এলাকার মানুষ বলেন, "কটেজগুলোকে স্থানীয় মানুষের সম্পৃক্ততা বেশ কম। ইকো কটেজের যেসব ধারণা, সব কটেজে তা নেই। কটেজগুলো পাহাড় বা বনের ভেতর তৈরি হচ্ছে, এ জন্য বড়ো বড়ো গাছ কাটা পড়ছে।"

২০২১ সালের নভেম্বর মাসে আমরা গবেষণাকার্য সম্পাদনের উদ্দেশ্যে যখন রাঙামাটি যাই, তখন দেখতে পাই, বেশকিছু আদিবাসী যুবক রিসোর্টে কাজ করছে। তখন আমরা তাদের কাছ থেকে জানতে পারি যে, তারা এখানে স্থায়ী চাকরি করে না। ছুটি বা শীতের সময় যখন পর্যটক বেড়ে যায়, তখন কাজের চাপ সামলাতে অতিরিক্ত জনবলের প্রয়োজন হলে তাদেরকে দিনমজুর হিসেবে নিয়োজিত হয়। রান্নায় সাহায্য করা, বাজার করা, পর্যটকের মালামাল বহন করার মতো কাজে তাদেরকে সাময়িকভাবে নিযুক্ত করা হয়। কিন্তু অন্য সময় প্রয়োজন না হলে তারা কাজ পায় না। তার মানে স্থানীয় জনগণ ইকো-ট্যুরিজমে মৌসুমি শ্রমিক হিসেব পরিগণিত হয়।

রাঙামাটির বিদ্যুৎ লোডশেডিং অনেক বেশি হলেও কটেজগুলোতে বৈদ্যুতিক সরঞ্জাম চালিত হয় ডিজেলচালিত জেনারেটরের মাধ্যমে। স্থানীয় মানুষ দৈনন্দিন জীবনে বিদ্যুতের অভাববোধ করলেও কটেজগুলোতে সার্বক্ষণিক আলোর ঝলকানি থাকে, সাথে জেনারেটর, মিউজিক সিস্টেমের উচ্চ শব্দ। এলাকাবাসী জানান, "এসি, গিজার, জেনারেটর, মিউজিক সাউন্ড সিস্টেমের মাধ্যমে বিদ্যুতের ব্যবহার যথেচ্ছ। রাতে ডিজে পার্টি, বারবিকিউ পার্টি নামে উচ্চ শব্দের গান বাজানো হচ্ছে, যা বনের প্রাণী ও স্থানীয় জনগণের আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে।" আবার যেসব কটেজে বাঁশ ও কাঠ ব্যবহার করা হয়েছে, সেখানে হাই ক্যামিক্যাল রং ব্যবহার করা হচ্ছে। কোনো কোনো রিসোর্টে লেকের পাড়ে সিঁড়ি নির্মাণ করেছে। প্লাস্টিক, কৃত্রিম রং, বৈদ্যুতিক সরঞ্জামের যত্রতত্র ব্যবহার পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব ফেলেছে।

বাংলাদেশের স্থানীয় সংবাদমাধ্যমও ইকো-ট্যুরিজম বিস্তার নিয়ে অনুসন্ধানী প্রতিবেদন তৈরি করছে। সেখানে ইকো-ট্যুরিজম বিস্তার বিশেষজ্ঞদের মতামতও তুলে ধরা হচ্ছে। এ বিষয়ে প্রাণবৈচিত্র্য গবেষক পাভেল পার্থর একটি সাক্ষাৎকার এখন টিভিতে প্রচারিত হয়। সেখানে তিনি বলেন, "যেখানে এমন অবকাঠামো নির্মাণের মূল কাঁচামাল আসার কথা প্রকৃতি থেকে, সেখানে এসব ক্ষতিকর কাঁচামাল ব্যবহার হলে পরিবেশ হুমকিতে পড়ে যায়। এগুলো স্থানীয় প্রকৃতি কিংবা সংস্কৃতি উপযোগী নয়, অথচ নাম দেওয়া হয়েছে ইকো-রিসোর্ট।"[৩]

যদিও ইকো-রিসোর্টের ধারণা শুধু পার্বত্য চট্টগ্রামেই নয়, ঢাকার আশেপাশের বনাঞ্চল, বিশেষ করে গাজীপুর ও ভাওয়ালের বন এমনকি সুন্দরবনকেন্দ্রিক এ ধারণা বেশ প্রচলিত। ভাওয়াল, সুন্দরবন বা পার্বত্য চট্টগ্রামে, যেখানেই হোক না কেন, এসব জায়গায় বহুতল ভবন, পাকা রাস্তা নির্মাণ করে গাছ কেটে রিসোর্ট নির্মাণ হচ্ছে বলে তা সাম্প্রতিক কালে উদ্যানতত্ত্ববিদ ও পরিবেশবিদদের সমালোচনার মুখোমুখি হচ্ছে। গবেষণার অংশ হিসেবে এ বিষয়ে উদ্ভিদবিজ্ঞানী ফারহানা রহমান এর একটি সাক্ষাৎকার নেওয়া হয়। তিনি বলেন, "ইকো-ট্যুরিজমের অংশ হিসেবে রিসোর্টগুলো থেকে এলাকার ইতিহাস, প্রকৃতি ও প্রাণ বা জীববৈচিত্র্যের

[৩] ১৭ জুন, ২০২৪ তারিখে *এখন টিভি*তে "ইকো-রিসোর্টে সুউচ্চ দালান?" নামের একটি প্রতিবেদনে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মকর্তার সাক্ষাৎকারে ইকো-রিসোর্ট নীতিমালা প্রণয়নের ব্যাপারে মতামত তুলে ধরেন। *এখন টিভি* প্রতিবেদন https://ekhon.tv/article/66710938cc1ad96ce5d8f945

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ইতিহাসের সঙ্গে এলাকাবাসী সম্পর্কে জানানোর ব্যবস্থা রাখা উচিত, এগুলোই ইকো-ট্যুরিজম। কিন্তু নিছক পিকনিক করতে আসাকে ইকো-ট্যুরিজম হিসেবে চালিয়ে দেওয়া একদমই ঠিক নয়।"

সাবেক প্রধান বনরক্ষক ও প্রকৃতি সংরক্ষণবিষয়ক আন্তর্জাতিক সংস্থাগুলোর জোট আইইউসিএ-র সাবেক পরিচালক ইশতিয়াক উদ্দিন আহমেদ দৈনিক পত্রিকায় প্রকাশিত বক্তব্যটি গুরুত্বপূর্ণ:[৪] "সুন্দরবন এমনিতেই নানা কারণে বিপদে আছে। এর চারপাশে শিল্পকারখানা গড়ে ওঠাসহ নানা ধরনের বিপদ বাড়ছে। এখন এভাবে যদি অবৈধভাবে রিসোর্ট তৈরি করে তা চলতে থাকে, তা হলে ভবিষ্যতে সুন্দরবনের অবস্থা আমাদের গাজীপুরের ভাওয়াল বনের মতো হবে। এসব রিসোর্ট আরও নির্মাণের আগে তা বন্ধ করতে হবে। "

বাংলাদেশ ট্যুরিজম বোর্ডও স্বীকার করে যে, ইকো-রিসোর্ট কীভাবে নির্মাণ করবে, ব্যবহার করবে, কতটুকু বনকে ব্যবহার করবে—এসব বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা নেই, যা প্রকৃতির জন্য ভয়াবহ প্রতিক্রিয়া তৈরি করতে পারে।[৫]

পর্যটক ও স্থানীয় মানুষের মিথস্ক্রিয়া

ইকো-ট্যুরিজম নীতির অন্যতম দিক হচ্ছে পর্যটক এবং স্থানীয় পরিবেশ, সংস্কৃতির মধ্যে মিথস্ক্রিয়া ঘটানো। স্থানীয়রা কীভাবে তার ঐতিহ্যবাহী জ্ঞান দিয়ে পরিবেশকে সংরক্ষণ করে, তা একজন পর্যটক ভ্রমণ-অভিজ্ঞতার মধ্য দিয়ে দেখবে, তা আয়ত্ত করার চেষ্টা করবে। ইকো-ট্যুরিজম প্রত্যয়টিই মূলত বিকশিত হয়েছিল পর্যটন যেন পরিবেশ ও প্রতিবেশের উপর কোনো ক্ষতিকারক প্রভাব না ফেলে, উপরন্তু পরিবেশ রক্ষায় মনোযোগী হয়—সে বিষয়াবলিকে কেন্দ্র করে। কিন্তু বৈশ্বিক প্রেক্ষাপটে এ প্রত্যয়টি বাণিজ্যিকভাবে বিস্তার লাভ করছে এবং ইকো-ট্যুরিজমের ব্যানার ব্যবহার করে কীভাবে গণপর্যটন আরও ব্যাপকভাবে আকৃষ্ট করছে—সে বিষয়ের আলোচনা আমরা পূর্বের সাহিত্য পর্যালোচনা অংশে দেখতে পাই। বৈশ্বিক গবেষণার তাত্ত্বিক প্রেক্ষাপট বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামের ইকো-ট্যুরিজমের ক্ষেত্রে পর্যটক ও স্থানীয় পরিবেশ, সংস্কৃতির মধ্যে মিথস্ক্রিয়ার বিষয়াবলি অনুসন্ধানে ভূমিকা রাখে। পার্বত্য চট্টগ্রামে গবেষণাকালে দেখা যায়, যেহেতু এলাকাটি ভূপ্রকৃতি, জনগোষ্ঠী ও সামাজিক ও সাংস্কৃতিক দিক থেকে বাংলাদেশের সমতল ভূমি থেকে আলাদা, তাই সাইট সিয়িং এর পাশাপাশি ইকো-ট্যুরিজমের নাম শুনে অনেক পর্যটক এলাকার ইতিহাস, সংস্কৃতি সম্পর্কে জানতে আসেন। একজন গ্রামবাসী বলেন,

> সাধারণভাবে কিছু পর্যটক আছেন, যাঁরা প্রকৃতির প্রতি খুব আগ্রহী। এখানকার চারপাশের পরিবেশ, এলাকার ইতিহাস সম্পর্কে জানতে চান। তাঁরা পাহাড়ে উঠতে চান পাহাড়ের মানুষের সাথে কথা বলার জন্য। তাঁরা অনেক কিছু জিজ্ঞাসা করেন... এবং আরও কিছু পর্যটক আছেন, যাঁরা জানতে চান পাহাড় বা ঝরনা সম্পর্কে, এর নামকরণ সম্পর্কে, এগুলো নিয়ে যেসব মিথ আছে, সেগুলো সম্পর্কে...

কিন্তু বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত ইকো-ট্যুরিজমে, বিশেষত রিসোর্ট পর্যটনে আসা পর্যটকদের সাথে স্থানীয় মানুষের মিথস্ক্রিয়া ঘটার ব্যাপারটি খুব কম ঘটে। রিসোর্টে এমন কোনো ব্যবস্থাপক রাখা হয় না,

[৪] পূর্বের সূত্রে

[৫] বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সিইও আবু তাহের মোহাম্মদ জাবের বলেন, "একটি ইকো-রিসোর্ট হওয়ার জন্য যে ধরনের নিয়ম মানতে হবে, সে বিষয়গুলো নির্ধারণ করা দরকার। তারপর মনিটরিং করতে হবে। প্রকৃতিভিত্তিক পর্যটন এলাকাগুলোতে যখন ব্যাপকভাবে পর্যটক যায়, তখন সেটা আর টিকে থাকে না।" https://ekhon.tv/article/66710938cc1ad96ce5d8f945

এমনকি গাইড নিজেও ভালো করে এলাকার ইতিহাস সম্পর্কে জানে না, কারণ এ পর্যটন-ব্যবস্থাপনার সঙ্গে শিক্ষণীয় বিষয়গুলো উপেক্ষা করা হয়। বিশেষত, বর্তমানে বহুল প্রচলিত প্যাকেজ ট্যুরগুলোয় যেভাবে শুধু সাইট সিয়িং এর মধ্য দিয়ে পর্যটকদের ব্যস্ত রাখা হয়, সে ক্ষেত্রে স্থানীয় মানুষের বা সংস্কৃতির সঙ্গে মিথস্ক্রিয়ার কোনো সুযোগ পর্যটকদের দেওয়া হয় না। প্যাকেজ ট্যুরগুলোর বিজ্ঞাপনে দেখা যায় যে, পর্যটকদের আকৃষ্ট করার জন্য তিনদিনের ভ্রমণে সাতটি বা দশটি সাইট ঘুরানোর প্রস্তাবনা দেওয়া হয়, যেখানে বিখ্যাত পাহাড়,হ্রদ বা ঝরনার ছবির বর্ণনা থাকে, কখনো কখনো আদিবাসীদের ছবি দেওয়া থাকে। কিন্তু এ স্বল্প সময়ে ভ্রমণেই সময় ব্যয় হয়, স্থানীয় মানুষের সঙ্গে মিথস্ক্রিয়ার সুযোগ ঘটে না।

পার্বত্য চট্টগ্রামে স্থানীয়রা দৈনন্দিন জীবনের অংশ হিসেবে প্রকৃতিকে ব্যবহার করে। এগুলো সংরক্ষণ ও পরিচ্ছন্নতার ঐতিহ্যবাহী জ্ঞান ও চর্চা তাদের রয়েছে। কিন্তু পার্বত্য চট্টগ্রামে ইকো-রিসোর্টকেন্দ্রিক পর্যটন বিকাশ লাভ করলেও, পর্যটকদের সৃষ্ট প্রাত্যহিক ময়লা-আবর্জনা পরিষ্কারের কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। স্থানীয় সরকার, রিসোর্ট ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, পর্যটক বা কোনো স্টেকহোল্ডারই ময়লা নিষ্কাশনে কোনো পদক্ষেপ নেয়নি। প্রাত্যহিক বর্জ্য ফেলা হচ্ছে জলাশয়ে, যা ইকো-ট্যুরিজম ধারণার সঙ্গে সাংঘর্ষিক। কিন্তু এসব জলাশয় গ্রামবাসী নিত্যকার প্রয়োজন মেটাতে ব্যবহার করে। রিসোর্টের মতো গ্রামের মানুষের বাড়িতে পানির লাইন নেই, জেনারেটর নেই, এসি নেই। গ্রামের মানুষ জলাশয়ের পানিতে গোসল করে, কাপড় ধোয়ার কাজ করে। কিন্তু পর্যটক সে জলাশয়ে ঘুরতে এসে পানির বোতল, চিপ্স-বিস্কুট-চকলেটের খোসা ফেলে নোংরা করে। রিসোর্ট-কর্তৃপক্ষ তার দায়ভার নেয় না। কিন্তু গোসল করার আগে গ্রামবাসী নিজেদের প্রয়োজনে সেগুলো পরিষ্কার করে। গ্রামের মানুষ রাগ করে, কিন্তু ক্ষমতার সম্পর্কের নিম্ন স্তরে থাকার কারণে তারা রিসোর্ট-কর্তৃপক্ষ বা পর্যটকদের কিছু বলতে পারে না, যে কারণে ইকো-ট্যুরিজমের এক্টিভ অংশীদার নয়, বরং প্যাসিভ গ্রহীতা। সাজেকের একজন গ্রামবাসী বলেন, "ইকো-ট্যুরিজম পরিবেশ সংরক্ষণের জন্য নয়, বরং পরিবেশ ধ্বংসে মাঠে নেমেছে।"

ইকো-ট্যুরিজমের আরেকটি দিক হচ্ছে স্থানীয় সংস্কৃতি ও মানুষের কর্মসংস্থানের সম্ভাবনা নিয়ে কাজ করা। কিন্তু বাংলাদেশের বিভিন্ন স্থানে রিসোর্ট-বাণিজ্যের সাথে যুক্ত বেশির ভাগ মানুষই 'বাইরে' থেকে আসা। পার্বত্য চট্টগ্রামে প্রতিষ্ঠিত বিখ্যাত পর্যটনকেন্দ্র সাজেক তার সবচেয়ে বড়ো উদাহরণ। সাজেককেন্দ্রিক ইকো-ট্যুরিজমে রিসোর্টের মালিকানা তো দূরের কথা, কর্মী হিসেবেও স্থানীয়দের নিয়োগলাভ খুবই দুরূহ ব্যাপার। শুধু পার্বত্য চট্টগ্রামেই নয়, বাংলাদেশের প্রায় সর্বত্রই সমান দৃশ্য। এ বিষয়ে সংবাদপত্রের অনুসন্ধানী প্রতিবেদনে বলা হয়:

> ...খোঁজ নিয়ে জানা গেছে, একটি বাদে সবকটি রিসোর্ট যৌথ মালিকানায় গড়ে উঠেছে। মালিকদের বেশির ভাগই পর্যটন-বাণিজ্যের সঙ্গে জড়িত। তাঁদের সেন্ট মার্টিন, সাজেক, শ্রীমঙ্গলে রিসোর্ট ব্যবসা আছে। হাওরে হাউসবোটও আছে। নির্মাণাধীন জঙ্গলবাড়ি ইকো রিসোর্টের মালিকানায় আছেন পাঁচটি ট্যুর অ্যান্ড ট্রাভেল গ্রুপের মালিকেরা। তাঁদের একজন জাকারিয়া শাওন *প্রথম আলো*কে বলেন, সুন্দরবনে রিসোর্ট করার ইচ্ছা অনেক আগে থেকেই পর্যটন ব্যবসায়ীদের ছিল। মূলত এখানকার প্রথম দিকের কিছু রিসোর্টের সফলতা দেখেই অন্যরাও আসছেন। (*প্রথম আলো*, ৩ জুন, ২০২৪)[৬]

উপর্যুক্ত আলোচনার মাধ্যমে দেখা যাচ্ছে যে, ইকো-ট্যুরিজম নামে যে বাংলাদেশের বিভিন্ন প্রাকৃতিক পরিবেশ তথা জীববৈচিত্র্য ও ভূমিবৈচিত্র্যকে ব্যবহার করা হচ্ছে, তা ইকো-ট্যুরিজমের মূল ধারণার সঙ্গে সাংঘর্ষিক। প্রথমত, ধারণাটি এসেছে পরিবেশের যথার্থ রক্ষণাবেক্ষণের ভাবনা থেকেই। কিন্তু বাংলাদেশে যথাযথ ইকো-

[৬] এহসান, শেখ আল ও মণ্ডল, উত্তম, "সুন্দরবন ঘিরে একের পর এক রিসোর্ট, চলছে এসি-জেনারেটর", *প্রথম আলো*, জুন ০৩, ২০২৪।

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ট্যুরিজম নীতিমালা না থাকা, পরিবেশ সংরক্ষণের যথাযথ জ্ঞান না থাকা ও অতিমুনাফার দিকে ঝোঁক থাকার কারণে পরিবেশ সংরক্ষণ বিষয়টি উপেক্ষিত থেকে যাচ্ছে। দ্বিতীয়ত, ইকো-ট্যুরিজমের আরেকটি দিক হচ্ছে স্থানীয় সংস্কৃতি ও মানুষের কর্মসংস্থানের সম্ভাবনা নিয়ে কাজ করা। কিন্তু স্থানীয় জনগোষ্ঠীর সংস্কৃতি ও কর্মসংস্থানে রিসোর্টগুলো যথাযথ ভূমিকা রাখতে পারছে না।

ইকো-ট্যুরিজমে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ না থাকলে প্রকৃতির উপর বেশি প্রভাব পড়ে। পার্বত্য চট্টগ্রামে বাঙালি ভিন্ন ১২টি এথনিক জনগোষ্ঠীর পেশাগত, ধর্মীয় ও দৈনন্দিন জীবনের সঙ্গে প্রকৃতি যুক্ত। সংস্কৃতিগত দিক থেকে তারা অনেকেই জলাধার, পাহাড়, বনকে সুরক্ষিত রাখে। জলাধার, বন অনেকের দৈনন্দিন জীবনের সঙ্গে যুক্ত। তারা সেগুলো ব্যবহার করলেও পরিচ্ছন্ন ও সংরক্ষণের নিজস্ব জ্ঞান ও পদ্ধতি আছে। ইকো-ট্যুরিজমও প্রকৃতিকে সংরক্ষণের দিকে গুরুত্ব দেয়। তাই স্থানীয় জনগোষ্ঠীর সংস্কৃতি পার্বত্য চট্টগ্রামে প্রকৃতি সংরক্ষণের ক্ষেত্রে শিক্ষণীয় হতে পারে। ইকো-ট্যুরিজমে যদিও স্থানীয় জ্ঞানকে গুরুত্ব দেয়, কিন্তু পার্বত্য চট্টগ্রামের সেরকম অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হয় না। কয়েকটি গ্রাম ব্যতীত পার্বত্য চট্টগ্রামের ইকো-ট্যুরিজমে কমিউনিটি বেজড ট্যুরিজমের বিকাশ ঘটেনি; বেশির ভাগ প্রাইভেট ও কর্পোরেট মালিকানায়। কমিউনিটি থেকে, স্থানীয় জনগোষ্ঠীর থেকে দূরে থাকার কারণে কমিউনিটির প্রকৃতি সংরক্ষণের জ্ঞান পর্যটনে অবদান রাখতে পারে না। অন্য দিকে কর্পোরেট ও স্থানীয় গোষ্ঠীর যূথবদ্ধতার ভিত্তিতে এখানকার পর্যটন বিকাশ লাভ করতে পারতো; যেমন— রিসোর্টে স্টাফ, ম্যানেজার ইত্যাদি হিসেবে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ থাকলে স্থানীয় জ্ঞান পর্যটকদের সঙ্গে ভাগ করতে পারতো। কিন্তু সেগুলো এখানে ঘটছে না। এ জ্ঞানের মিথস্ক্রিয়া না থাকার পর্যটনের প্রাণকেন্দ্র প্রকৃতিকেই ধ্বংস করা হচ্ছে। অপরিকল্পিত পর্যটন যেখানে প্রকৃতিকে 'অপরিচ্ছন্ন' করে, স্থানীয় মানুষ সেগুলোকে নিজেদের প্রয়োজনে আবার ব্যবহার উপযোগী করে তোলার চেষ্টা করে।

ইকো-ট্যুরিজমে স্থানীয় জনগোষ্ঠীর মাঝে নানা ধরনের প্রতিক্রিয়া লক্ষ করা যায়। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আদিবাসী একজন যুবক মনে করেন, ইকো-ট্যুরিজম শব্দটি রিসোর্ট-মালিকরা ব্যবহার করছে বিজ্ঞাপনের ভাষা হিসেবে, তাদের ভোক্তা অর্থাৎ পর্যটকদের আকর্ষিত করার জন্য। গবেষণাকালে তিনি বলেন,

> আজকাল মিডিয়া, সোশ্যাল মিডিয়া সর্বত্রই ইকো-ট্যুরিজম নিয়ে বেশ আলোচনা হচ্ছে। সেখানে রিসোর্টের ফ্যাসিলিটি, লেক ভিউ, হিল সাইট, সুইমিং পুল, এসি, জেনারেটর সুবিধার কথা জানানো হচ্ছে। কিন্তু কোনো বিজ্ঞাপনে কি বলা হয়েছে যে, পর্যটনে এসে কীভাবে লেক বা পাহাড় পরিষ্কার রাখতে হয়? প্রাকৃতিক পরিবেশ যাতে সংরক্ষিত থাকে?— এ সবকিছুই ব্যবসা। প্রকৃতি নিয়ে ব্যবসা ছাড়া আর কিছু না। একজন পর্যটক যদি পরিবেশ নোংরা করে যায়, পরবর্তীতে যিনি আসবেন, তিনি নোংরা পরিবেশই পাবেন। ধীরে ধীরে পর্যটকরাও ইকো-ট্যুরিজমের নামে পর্যটনে আগ্রহ হারিয়ে ফেলবে।

ইকো-ট্যুরিজমে পর্যটকেরও দায়িত্ব পরিবেশ পরিচ্ছন্ন রাখা। এক্ষেত্রে ট্যুর গাইড বা প্রতিষ্ঠানগুলোরও দায়িত্ব হচ্ছে তাদের অধীনে যেসব অতিথি বা পর্যটক আসেন, তাঁদেরকে সে বিষয়ে সচেতন করা। এটি ইকো-ট্যুরিজমের একটি গুরুত্বপূর্ণ দিক, যাকে দায়িত্বশীল পর্যটন হিসেবেও আখ্যায়িত করা হয়। পার্বত্য অঞ্চলে দেখা গেছে যে, রিসোর্ট বা হোটেলগুলোতে ময়লার ঝুড়ি ও প্রতিষ্ঠানের অভ্যন্তরে ময়লা ফেলার নির্দেশিকা থাকলেও দায়িত্বশীল পর্যটন বলতে কী বোঝায়, সাইটগুলোতে সে নির্দেশিকা দেওয়া নেই। এমনও দেখা গেছে, ট্যুর গাইডরাও পরিবেশ রক্ষার্থে কোনো ভূমিকা রাখে না। রিসোর্ট বা হোটেল থেকে বের হয়ে যখন যানবাহন অর্থাৎ নৌকা বা চান্দের গাড়ির মতো স্থানীয় যানবাহনে ট্যুর গাইডের সঙ্গে ভ্রমণ করেন, তখন যানবাহন থেকেই নদী বা রাস্তায় চিপ্‌স, বিস্কুটের প্যাকেট, পানি বা পানীয় দ্রব্যের প্লাস্টিকের বোতল ছুঁড়ে

ফেলেন, যা মোটেও ইকো-ট্যুরিজম বা দায়িত্বশীল পর্যটনের মধ্যে পড়ে না। এক্ষেত্রে ট্যুর গাইডদের প্রশিক্ষণ প্রয়োজন, এমনকি পর্যটকদের দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য যানবাহন, রাস্তা, পর্যটনস্থানগুলোতে নির্দেশিকা থাকা জরুরি। আর পার্বত্য অঞ্চলের অতিপর্যটনের কারণে যেন পরিবেশ ক্ষতিগ্রস্ত না হয়, সে ব্যাপারে নীতিমালা প্রণয়নেরও প্রয়োজনীয়তা রয়েছে।

পরিবেশ সংরক্ষণের ডিসকোর্স ও বাস্তবতা

ইদানীং চারপাশে ইকো-ট্যুরিজম শব্দটি বহুলাংশে ব্যবহৃত হলেও সেখানে পরিবেশ ও জীববৈচিত্র্য সুরক্ষার বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয় না। এ সম্পর্কে স্বচ্ছ ধারণাও দেখা যায় না। ২০১০ সালে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় যে নীতিমালা করেছে, সেখানে ইকো-ট্যুরিজম উন্নয়ন, বিপণন কিংবা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে মিলে টাস্কফোর্স গঠনের কথা বললেও ইকো-ট্যুরিজমের সংজ্ঞায়ন কিংবা সেটা কীভাবে হবে, তার গাইডলাইন বা নির্দেশিকা নেই।

যথাযথ পরিকল্পনা ও ব্যবস্থাপনা ছাড়াই সংবেদনশীল এলাকা বা বাস্তুতন্ত্রে পর্যটন বৃদ্ধি আসলে বাস্তুতন্ত্র ও এর প্রজাতির ক্ষতি করতে পারে, কারণ রাস্তার মতো পর্যটন বজায় রাখার জন্য প্রয়োজনীয় অবকাঠামো পরিবেশের উপর বিরূপ প্রভাব ফেলেছে। এ ধরনের প্রভাব পার্বত্য চট্টগ্রাম ছাড়াও ভাওয়াল বন, লাউয়াছড়া বন, সুন্দরবনের প্রকৃতিকেও প্রভাবিত করছে। সুন্দরবনকেন্দ্রিক পর্যটন বিকাশের ক্ষেত্রে একজন স্থানীয় মানুষ বলেন,

> সাম্প্রতিক বছরগুলোয় সুন্দরবনকেন্দ্রিক যে অল্প কিছু পর্যটনের বিকাশ হতে দেখছি, তার সিংহভাগের ক্ষেত্রে জীববৈচিত্র্য ও পরিবেশের কথা চিন্তা করা হচ্ছে না। বরং আমরা দেখছি, পর্যটনের নামে লঞ্চ বা ইঞ্জিনচালিত বড়ো নৌকা অবাধে সুন্দরবনের খালগুলোয় প্রবেশ করছে। পানি ও পরিবেশদূষণের সঙ্গে শব্দদূষণও ঘটছে।

প্রথমত, বনের ইকোসিস্টেম ঠিক রেখে জনগণের চলাচল নিশ্চিত করা ইকো-ট্যুরিজমের শর্তের মধ্যে পড়লেও পার্বত্য চট্টগ্রামে অতিমাত্রায় রিসোর্ট, হোটেল, কটেজ নির্মাণ হচ্ছে। যে কারণে পর্যটনকে কেন্দ্র করে বন-জঙ্গল, গাছপালা কেটে অবকাঠামো গড়ে তোলার ফলে জীববৈচিত্র্যের আবাসস্থল ধ্বংস হয়ে যাচ্ছে। ফলে ইকো-ট্যুরিজমে তার নেতিবাচক প্রভাব পড়ছে। 'বাংলাদেশের জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকো ট্যুরিজম উন্নয়ন' প্রকল্পটি হাতে নেওয়ার আগে ৪৫ দশমিক ৬ শতাংশ দর্শনার্থী বনে আসতেন; কিন্তু এখন আসছেন ৮৭ দশমিক ৯ শতাংশ দর্শনার্থী। অর্থাৎ আগে পর্যটন মৌসুমে দিনে গড়ে ১৪ জন মানুষ এলেও বর্তমানে দিনে গড়ে ১১০ জন আসেন, যা আগের তুলনায় আটগুণ বেশি[৭] ।

দ্বিতীয়ত, পরিবেশ ও সাংস্কৃতিক অনুশীলনের প্রতি শ্রদ্ধা ও সচেতনতা গড়ে তোলার কথা বলা হয়। কিন্তু স্থানীয় সম্প্রদায়গুলো ইকো-ট্যুরিজম দ্বারা নেতিবাচকভাবে প্রভাবিত হয়। উদাহরণস্বরূপ, অন্য ধরনের পর্যটনের ক্ষেত্রে, ইকো-ট্যুরিজমের ফলে পর্যটক ও স্থানীয় সম্প্রদায়ের সদস্যদের মধ্যে সংঘাত হচ্ছে। খাগড়াছড়ির অভিজ্ঞতায় দেখা যায়, পর্যটকরা বেড়াতে এসে যদি যত্রতত্র ময়লা ফেলে, উচ্চ শব্দ করে, বাদ্যযন্ত্র বাজিয়ে রাতে পার্টি করে, তা স্থানীয় জনগোষ্ঠীর সমস্যার সৃষ্টি করে। এর প্রতিবাদ করলে সংঘাত ঘটে। কিন্তু রিসোর্ট, হোটেলের মতো ক্ষমতাশালীরা পর্যটকদের পক্ষ অবলম্বন করে, স্থানীয় প্রশাসনও

[৭] সরকারের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) এক প্রভাব মূল্যায়ন সমীক্ষায় এ বিষয়টি উল্লেখ করা হয়েছে, বিস্তারিত দেখুন https://thefinancialexpress.com.bd/views/columns/promoting-ecotourism-to-secure-tourist-hotspots-1533053480

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

নিরাপত্তা দিতে পর্যটকদের পক্ষ নেয়। অসহায় গ্রামবাসী সংঘাতের কথা চিন্তা করে এখন প্রতিবাদ করতেও ভয় পায়।

তৃতীয়ত, স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থান ইকো-ট্যুরিজমের আরেকটি বৈশিষ্ট্য হলেও রিসোর্ট বা হোটেল নির্মাণের জন্য আর্থিক বিনিয়োগের ক্ষমতা স্থানীয় আদিবাসী জনগোষ্ঠীর নেই। কিছু এলিট ও রাজনৈতিক প্রভাবশালী আদিবাসীর রিসোর্টের মালিকানা রয়েছে। ভ্রমণ মৌসুমে স্থানীয় জনগোষ্ঠী মৌসুমি রান্না-বান্না, ভ্যানচালক কিংবা ট্যুরিস্টদের কাছে মৌসুমি ফল বিক্রি করে যে আয় করছে, সেটাকে ট্যুরিজমের মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন দেখিয়ে এটাকেই অনেকে ইকো-ট্যুরিজম হিসেবে আখ্যা দিচ্ছে।

সংজ্ঞানুযায়ী ইকো-ট্যুরিজম ঐতিহ্যবাহী পর্যটন থেকে ভিন্ন, কারণ এটি ভ্রমণকারীকে এলাকা সম্পর্কে জ্ঞানার্জনের বিষয়ে গুরুত্ব দেয়। কিন্তু পরিবেশ সম্পর্কিত ও অ্যাডভেঞ্চার ভ্রমণের ক্রমবর্ধমান জনপ্রিয়তার কারণে, বিভিন্ন ধরনের ভ্রমণকে এখন ইকো-ট্যুরিজম হিসেবে শ্রেণিকরণ করা হচ্ছে। এগুলোর বেশির ভাগই প্রকৃতপক্ষে ইকো-ট্যুরিজম নয়। কারণ তারা পরিদর্শন করা স্থানগুলোতে সংরক্ষণ, শিক্ষা, কম প্রভাব ভ্রমণ এবং সামাজিক ও সাংস্কৃতিক অংশগ্রহণের উপর জোর দেয় না। স্থানীয় রাজনৈতিক, পরিবেশগত ও সামাজিক জলবায়ু সম্পর্কে ভ্রমণকারীদের সচেতনতা বৃদ্ধিতে ইকো-ট্যুরিজমের সঙ্গে সম্পর্কিত করে তেমন কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

পার্বত্য চট্টগ্রামে পর্যটকদের ধারণক্ষমতা কত, একজন পর্যটক কত টাকা খরচ করে ভ্রমণ নিশ্চিত করতে পারবে, কী উপায়ে পর্যটক ও স্থানীয় জনগোষ্ঠীর সন্তুষ্টি বিধান করা যাবে, এসব বিষয়ে কোনো গবেষণা ছাড়াই ইকো-ট্যুরিজম নামে পর্যটন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অপরিকল্পিত পর্যটনের কারণে পরিবেশ ও প্রকৃতির ক্ষতি ছাড়াও স্থানীয় সমাজের মানুষজন উচ্চ দ্রব্যমূল্য, বাড়িভাড়া, যানবাহনের চাপ, সামাজিক চাপে পতিত হচ্ছে। অপরিকল্পিত পর্যটন এ প্রান্তিক জনগোষ্ঠীর প্রান্তিকতাকে পুনরুৎপাদিত করছে।

ইকো-ট্যুরিজমের নামে 'অতিপর্যটন'

বিশ্বব্যাপী অতিপর্যটনের মাত্রা বেড়ে যাওয়াকে স্থানীয় সমাজ ও পরিবেশের উপর হুমকি হিসেবে চিহ্নিত করা হচ্ছে। ইকো-ট্যুরিজম পরিবেশ সংরক্ষণের কথা বললেও তা একভাবে অতিপর্যটনকেই উৎসাহিত করছে। পার্বত্য চট্টগ্রামও এর ব্যতিক্রম নয়।

নানা কারণে স্থানীয় সমাজে পর্যটনের বিরূপ প্রভাব পড়ছে। তার অন্যতম একটি কারণ হচ্ছে অতিরিক্ত মাত্রায় পর্যটকের আগমন। উদাহরণস্বরূপ বলা যায়, সাধারণত ছুটির মধ্যে অনেক পর্যটক আসে। ঈদ বা অন্যান্য বড়ো ছুটিকে কেন্দ্র করে বিপুল সংখ্যক পর্যটকের সমাগম হয়, যা ধারণার বাইরে। রিসোর্ট বা হোটেলে ধারণক্ষমতা থাকে না। খাবার চাহিদাও বেড়ে যায়। অতিরিক্ত পর্যটক আগমনের ফলে দ্রব্যের জোগানের তুলনায় চাহিদা বহু গুণ বেড়ে যায়। স্থানীয় বাজারে দ্রব্যমূল্য বেড়ে যায়। পর্যটকরা শুধু বেশি টাকায় থাকার জায়গারই সংস্থান করে না, খাবার, দৈনন্দিন ব্যবহার্য দ্রব্যাদি, যানবাহনের জন্যও কয়েক গুণ বেশি খরচ করতে বাধ্য হয়। পর্যটকদের পাশাপাশি স্থানীয় জনগোষ্ঠীর সংকটে পড়তে হয়। খাগড়াছড়ির একজন যুবক বলেন,

> ঈদের সময় আর পুরো শীতকাল জুড়েই এ এলাকা মানুষে ভরে যায়। রিসোর্টে তিল ধারণের জায়গা থাকে না, খাবার হোটেলে লাইন ধরে থাকতে হয়, এমনকি চা খেতেও টং দোকানে অপেক্ষা করতে হয়। সবকিছুর দাম বেড়ে যায়। রিকশা মামারা অন্য সময় যাত্রী না পেয়ে ডাকাডাকি করে, কিন্তু এ সময়গুলোতে আমাদের পাত্তাই দেয় না। আমাদের

> কাছ থেকে বেশি ভাড়া নেয়, কিন্তু খুব বেশি ভাড়া নিতে পারে না দেখে আমাদের ডাকে উত্তর দেয় না। আমাদের বাসা থেকে বের হওয়াই কষ্টকর হয়ে যায়। খাবারের দাম বেড়ে যায় বিধায় আমরা আগে থেকে বাজার করে রাখি। কিন্তু সবকিছু তো আর আগে থেকে রাখা যায় না। তাই অতিরিক্ত খরচ করতেই হয়। (রাঙামাটি শহর, ২ নভেম্বর, ২০২১)

আবার, ছুটিতে ঢাকা থেকে শিক্ষার্থীরা বা চাকরিজীবীরা নিজ এলাকা পার্বত্য চট্টগ্রামে বাড়ি যাবে, কিন্তু পর্যটকদের কারণে নানামুখী সমস্যা হয়। সে সময় সরকারি ছুটি থাকায় পর্যটকদের পার্বত্য চট্টগ্রামে যাওয়ার হার বৃদ্ধি পায়। গাড়িতে টিকেট সংগ্রহ করা কষ্টকর হয়ে যায়। পর্যটকদের চাহিদার কারণে গাড়ির সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে, ভাড়াও বাড়ছে। শুধু বড়ো ছুটি নয়, বর্তমানে সাপ্তাহিক ছুটির দিনেও পর্যটক বেড়ে যাওয়ার কারণে ভাড়া বেড়ে যাচ্ছে। নিজ এলাকায় যাওয়াও কষ্টকর হয়ে যাচ্ছে। গাড়ির টিকেট সংগ্রহ করতে শুধু উচ্চমূল্যই দিতে হয় না, পর্যটকদের সাথে প্রতিযোগিতায় অবতীর্ণ হতে হয়।

অনেক ক্ষেত্রে প্রশাসনিক পদক্ষেপও অতিপর্যটন কার্যক্রম রোধ করতে পারছে না। পাহাড় কেটে সুইমিংপুল স্থাপন পাহাড়ের আকৃতি নষ্ট করে ফেলছে। মহামান্য হাইকোর্টের নির্দেশনাও রয়েছে যে, পাহাড় কেটে সুইমিংপুল স্থাপন করা যাবে না। কিন্তু সেই নির্দেশনাও অমান্য করতে দেখা যায়।

২০২৩ সালের ঈদ-ই-মিলাদুন্নবিসহ শুক্র ও শনিবার মিলিয়ে টানা তিন দিনের ছুটিতে সাজেকে ইকো-ট্যুরিজম পর্যবেক্ষণে গিয়ে দেখা যায়, সেখানে পর্যটক ধারণ ক্ষমতার কয়েকগুণ বেশি পর্যটক উপস্থিত হয়েছেন। একসঙ্গে তিনদিনের সরকারি ছুটি ঘিরে রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার সাজেকে পর্যটকের উপচে-পড়া ভিড় দেখা গেছে। সাজেকের একজন রিসোর্ট ম্যানেজার সাক্ষাৎকারে বলেন, "আগে থেকেই এখানকার সব রিসোর্ট ও কটেজের কক্ষ বুকিং হয়ে যাওয়ায় গতকাল অনেকেই রাত কাটিয়েছেন স্থানীয়দের ঘরে অথবা রিসোর্ট-কটেজের স্টোর রুম, বারান্দা ও গাড়িতে। আবার অনেক পর্যটক রাত কাটিয়েছেন রাস্তায় ও খোলা আকাশের নিচে তাঁবু গেড়ে। ধারণক্ষমতার অতিরিক্ত পর্যটকের উপস্থিতির কারণে পর্যটক সেবা প্রদান ব্যাহত হচ্ছে আর পর্যটকরাও সন্তুষ্টি পাচ্ছে না। এই ছুটি ঘিরে তাদের অনেকেই দুই থেকে তিন মাস আগে সাজেকের রিসোর্ট ও কটেজে বুকিং দিয়ে রেখেছেন। সাজেকের রুইলুই পর্যটনকেন্দ্রে মোট ১১২টি রিসোর্ট ও কটেজ আছে, যেগুলোর ধারণক্ষমতা চার থেকে সর্বোচ্চ সাড়ে চার হাজার পর্যটকের থাকার মতো। কিন্তু ২৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সাজেকে যাওয়া পর্যটকের সংখ্যা দাঁড়ায় প্রায় পাঁচ হাজারে। ধারণক্ষমতার বেশি পর্যটক হওয়ায় তাদের রিসোর্ট বা কটেজে জায়গা দেওয়া যায়নি, যার ফলে ভোগান্তি পোহাতে হয়েছে কিছু পর্যটকদের। যারা আগে থেকে বুকিং দেন নি অথবা যোগাযোগ করে আসেনি তারা স্থানীয়দের সহায়তায় খুর কষ্ট করে রাত্রি যাপন করে (মাঠকর্ম: ২৯ সেপ্টেম্বর, ২০২৩)।

অতিপর্যটনের কারণে পার্বত্য চট্টগ্রামে ইকো-ট্যুরিজমে অর্থনৈতিক উন্নয়ন এবং প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের মধ্যে দ্বন্দ্ব পরিলক্ষিত হয়। অনেক কোম্পানি রয়েছে, যারা ইকো-ট্যুরিজম 'ব্যবসা' পরিচালনা করে সবচেয়ে বেশি অর্থ লাভ করে, কিন্তু স্থানীয়রা খুব কম অর্থ উপার্জন করে। স্থানীয় নিম্নবিত্ত শ্রেণির লোকেরা পর্যটন-ব্যবসায় বিনিয়োগে সামর্থ্য রাখে না, তাই কেউ মৌসুমি শ্রমিক হিসেবে রিসোর্টে নিযুক্ত হয় অথবা কেউ রাস্তায়, পর্যটক আকর্ষণীয় স্থান যেখানে পর্যটকদের ভিড় বেশি, সেখানে শুকনো খাবার, চা, বাদাম বিক্রি করে জীবিকানির্বাহ করে। তবে স্থানীয় প্রভাবশালীরা, যারা বিনিয়োগে সামর্থ্য রাখে, তারা অর্থনৈতিক উন্নয়নকে প্রাধান্য দিতে গিয়ে প্রাকৃতিক সম্পদের পরিবর্তন ঘটায়। এ বিষয়টি 'বহিরাগত' ব্যবসায়ীদের মধ্যেও পরিলক্ষিত হচ্ছে। যারা বন ছোটো করে ইকো-ট্যুরিজমের নামে বাঁশ-কাঠে কৃত্রিম

© ২০২৪ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

কেমিক্যাল রং ব্যবহার করে, কোথাও কংক্রিট, টাইলস বা ইট-সিমেন্ট ব্যবহার করে স্থাপনা তৈরি করছে, জলাধারের পাড়ে ইট-সিমেন্টের সিঁড়ি বানাচ্ছে, জেনারেটর ও এসি ব্যবহার করছে, তারা অর্থনৈতিকভাবে লাভবান হওয়ার আশায় শুধু ইকো-ট্যুরিজমের বৈশ্বিক নীতির অপব্যবহারই করছে না, প্রাকৃতিক সম্পদও বিনষ্ট করছে। আর এ জন্য যে ক্ষমতা ও প্রতিপত্তি প্রয়োজন, তা স্থানীয় এলিট বা 'বহিরাগত' ব্যবসায়ী ছাড়া সম্ভব নয়।

